স্তবকল্পদ্রুমশাখা

জিলা বীরভূম সংক্রান্ত কড়িধা নিবাসি

শ্রীশ্রী৺ ধর্ম্মদাস সেনস্য পুত্র

শ্রীবিনোদরাম সেন দাসস্য প্রণীত ।

শ্রীযুক্ত চন্দ্রশেখর বিদ্যাবাগীশ দ্বারা

সংশোধিত ।

কলিকাতা ।

চিৎপুররোড বটতলা ২৪৬ নং ভবনে

বিদ্যারত্ন যন্ত্রে মুদ্রিত ।

শকাব্দাঃ ১৭৮২ ।

আমাদিগের [illegible] ভ্রমবশতঃ এই পুস্তকের শিরোভাগে [illegible] [illegible] পরে এই [illegible] হইয়াছে, [illegible] [illegible] [illegible] মার্জনা করিবেন

সূচীপত্র।

নির্ঘণ্ট পত্রাঙ্ক

স্তবকল্পদ্রুমশাখা।

গ্রন্থারম্ভে বন্দনা।

জয় জয় গুরু কৃষ্ণ জয় পূর্ণব্রহ্ম। রাধাকৃষ্ণ এক আত্মা শ্রীকৃষ্ণ চৈতন্য॥ জয় জয় নিত্যানন্দ প্রভু হলধর। অভিন্ন চৈতন্য নিত্যানন্দ কলেবর॥ জয় জয় বিশ্বরূপ গৌরাঙ্গ অগ্রজ। শিরে ধার্য্য করি তাঁর চরণ পঙ্কজ॥ জয় জয় অদ্বৈত গোঁসাই সদানন্দ। হুহুঙ্কারে যে আনিল গোলোকের চন্দ্র॥ বন্দিব সাদরে সীতা অদ্বৈত গৃহিণী। গণেশ জননী দুর্গা ভক্তি সঞ্চারিণী॥ নিত্যানন্দ সুত বন্দ বীরভদ্র খ্যাতি। নিত্যানন্দ কন্যা বন্দ গঙ্গা ভাগীরথী॥ বন্দিব জগদানন্দ মাতা বাগীশ্বরী। কর দয়া হরিপ্রিয়া কৃতাঞ্জলি করি॥ জয় জয় গৌরভক্ত পারিষদ গণ। সবাকার পাদপদ্মে লভিনু স্মরণ॥ ঠাকুর সুন্দর বন্দ প্রভু দয়াময়। তোমার পদারবিন্দে লয়েছি আশ্রয়॥ জয় জয় শ্রীদামাদি যতেক রাখাল। কৃষ্ণ প্রিয় সখাগণ পরম দয়াল॥ জয় রূপসনাতন ভট্ট রঘুনাথ। শ্রীজীব গোপাল ভট্টদাস রঘুনাথ॥ বন্দিব সুন্দরানন্দ পরম দয়াল। শ্রীকৃষ্ণ খ্যাতি কৈলা সুদাম গোপাল॥ প্রভুর পদারবিন্দে অসংখ্য

প্রণতি। ময়ি দীনে কর দয়া অগতির গতি॥ জয়তি শ্রীনাম অভিরাম মহাশয়। সাদরে বন্দিব বসুদাম ধনঞ্জয়॥ বন্দনা করিব শ্রীসুবল গৌরীদাস। গৌরীদাস ভাবে গৌরা প্রতিমা প্রকাশ॥ শ্রীমধু মঙ্গল বিপ্র মর্ত্ত্য সখা পূজ্য। এবে কলিকালে তিঁহ মাধব আচার্য্য॥ পণ্ডিত শ্রীগদাধর অংশ শ্রীরাধার। তাঁহার অচিন্ত্য শক্তি মহিমা অপার॥ লক্ষ্মী ঠাকুরাণী বন্দ বিষ্ণু প্রিয়ামাতা। গৌরাঙ্গ ঘরণী দেবী মাতা জগন্মাতা॥ জয় শ্রীস্বরূপ ব্রজে ললিতা সুন্দরী। রায় রামানন্দ বিশাখিকা সহচরী॥ শ্রীমতীর প্রিয়তমা অষ্ট সহচরী। রাধাকৃষ্ণ প্রেমের ভাণ্ডার অধিকারী॥ বন্দিব সুচিত্রা দেবী ঠাকুর শিবানন্দ। চম্পক লতিকা এবে বসু রামানন্দ॥ শ্রীগোবিন্দ ঘোষ বন্দ রঙ্গদেবী সখী। বাসুদেব ঘোষ শ্রীসুদেবী চন্দ্রমুখী॥ শ্রীমাধব ঘোষ বন্দ সখি তুঙ্গবিদ্যা। শ্রীগোবিন্দানন্দ বন্দ সখী ইন্দু দেব্যা॥ মঞ্জরী পদারবিন্দে বহু নমস্কার। ব্রজলীলা প্রকাশিলা হয়ে অবতার॥ গোস্বামি শ্রীসনাতন লবঙ্গ মঞ্জরী। শ্রীরূপ গোস্বামী ব্রজে শ্রীরূপ মঞ্জরী॥ শ্রীমতি মঞ্জরী বন্দ রঘুনাথ স্বামী। শ্রীগুণ মঞ্জরী ভট্ট গোপাল গোস্বামী॥ ভট্ট রঘুনাথ ব্রজে শ্রীরস মঞ্জরী। শ্রীজীব গোস্বামী তিঁহো বিলাস মঞ্জরী॥ বন্দিব শ্রীমধুমতী প্রিয় সহচরী। এবে কলিকালে শ্রীঠাকুর নরহরি॥ বন্দ সৃষ্টিকর্ত্তা ব্রহ্মা এবে হরিদাস। মত্ত হইলা সংকীর্ত্তনে ত্যজি

অভিলাষ।। তাহার নন্দন ঊর্দ্ধরেতা চারিজন। সনক সনন্দ শ্রীসনৎ সনাতন।। সনক শ্রীলোকনাথ পদ দ্বন্দ্ব বন্দ। শ্রীনাথ শ্রীসনাতন সনন্দ কবিচন্দ্র।। সনত কুমার রামনাথ মহাশয়। সবে মেলি কর দয়া দিও পদাশ্রয়।। কৃষ্ণ অস্ত্র সুদর্শন শঙ্খ গদা পদ্ম। এই চারি ঊর্দ্ধরেতা বৈষ্ণব আরাধ্য। রামানন্দ নিমা-নন্দ আর বিষ্ণু স্বামী। চতুর্থ সম্প্রদা মধ্বাচার্য্য শিরোমণি।। এই চারি অনুগত বৈষ্ণব যতেক। সবাকার পাদপদ্মে প্রণতি অনেক।। বসুদেব পাদ বন্দ পড়িয়া ভূতলে। জগন্নাথ মিশ্র পুরন্দর কলি-কালে।। দৈবকী যশোদা রাণী মাতা পুণ্যবতী। দোঁহে অবতীর্ণা এবে শচী ভাগ্যবতী।। অনন্ত জননী মাতা সুমিত্রা রোহিণী। এবে পদ্মাবতী মাতা নিতাই জননী।। চন্দ্রাবলী বন্দ সদা শিব কবিরাজ। উদ্ধব পরমানন্দ অবধূত রাজ।। বেদব্যাস মহামুনি বৃন্দা-বন দাস। শুকদেব বিদ্যাপতি আরি চণ্ডীদাস।। শ্রীবাস পণ্ডিত শ্রীনারদ মহামুনি। শ্রীবাস গৃহিণী শ্রীমেলেনী ঠাকুরাণী।। বৃষভানু রাজ বিদ্যা নিধি মহাশয়। মাধবিন্দু পুরী তিঁহ জানিহ নিশ্চয়।। গৌরাঙ্গ সম্প্রদা ভক্ত আছেন অনন্ত। কার সাধ্য আছে তাহা করিবারে অন্ত।। গঙ্গা বালুকা কেহ নারে গণিবারে। বৈষ্ণব গণনা তৈছে নারে গণি-বারে।। সকলের বন্দন যে না পারি করিতে। কোটি কোটি দণ্ডবত সবার পাদেতে।। সবে মেলি কর

দয়া কৃপা প্রকাশিয়া। অধীনের অপরাধ মার্জ্জনা করিয়া ॥

শ্রীকৃষ্ণ দাসের পদ করি অবলম্ব। লিখিলাম ভক্ত-মাল গ্রন্থ এই খণ্ড॥ লিখিবারে করি সাধ কৃষ্ণ গুণ-গান। স্মরণমঙ্গল কৃষ্ণ বর্ণমালা নাম॥ কিন্তু মুই অতি মূঢ় তাহে ভক্তি হীন। একে পাপী তাপী দুঃখী তিন হইতে ক্ষীণ॥ বাঞ্ছা কল্পতরু হরি পরম দয়াল। কৃপা লেশ হৈলে মূক অত্যন্ত বাচাল॥ সাধূচ্ছিষ্ট লাগি আছি মুখ নিরখিয়া। কিঞ্চিৎ করুণা কর ক্ষুধার্ত্ত দেখিয়া॥ গৃহস্থ দ্বারেতে যথা শ্বান পড়িরয়। নিজ পত্র শেষ তারে অর্পণ করয়॥ দয়া করি ভুক্ত শেষ কর বিতরণ। তাহা হইতে হবে মোর উদর পূরণ॥ আমি অতি নরাধম প্রবল প্রচণ্ড। মোর পাপ তাপ শোক সব কর খণ্ড॥ মোর বাক কটু অতি অন্তর গরল। দেহ মধ্যে আছে মন সে অতি চঞ্চল॥ যতই বুঝাই মনে না মানে বারণ। যা কর গোবিন্দ হরি ব্রজেন্দ্র নন্দন॥ লোক দেখা-ইতে আমি করি উপবাস। যেমত ধার্ম্মিক বক কপট সন্ন্যাস॥ নিষ্ঠুর কামুক আমি অতি বড় ক্রোধী। সাধুর যাচিঞায় কহি তুমি বড় লোভী॥ মুসম পাপিষ্ঠ কৃষ্ণ ত্রিজগতে নাই। নিজে পাপ করি হরি পরকে শিখাই॥ গোপনে করিয়া পাপ জানাই ধার্ম্মিক। এমত পাপের পাপী মোরে ধিক্ ধিক॥ অন্তর্যামী চিন্তামণি বিশ্বময় বিভু। সর্ব্বত্র ব্যাপক হরি

বিশ্বরূপ প্রভু ॥ পানি পদ চক্ষু কর্ণ যাহার সর্ব্বত্র। তাহাকে লুকাই দেখ এ বড় মূর্খত্ব ॥ কেবল ভরসা নামে পতিত পাবন। দীনবন্ধু কৃপাসিন্ধু অধম তারণ ॥ যখন ছিলাম প্রভু গর্ভের মাঝারে। তখন দর্শন সদা দিতেছে আমারে ॥ ভূমিষ্ঠ হইবা মাত্র হইলা অদর্শন। এ বড় অভাগ্য মোর প্রভু নারায়ণ ॥ পরম দয়ার্দ্র নাথ জনক সবার। কিসে ক্ষীণ হলো দয়া শ্রীনন্দ কুমার ॥ তুমি মাতা তুমি পিতা তুমি সে সম্বল। অনাথের নাথ কৃষ্ণ দুর্ব্বলের বল ॥ অসময় বন্ধু হরি বড় দয়ালয়। পরম করুণাময় দেহ পদাশ্রয় ॥ তব পাদপদ্মে নাথ লয়েছি শরণ। যা কর গোবিন্দ হরি শ্রীনন্দনন্দন ॥ তব ভক্ত দাস দাস তার হই দাস। কল্পতরু হয়ে হরি না কর নৈরাশ ॥ তব ভক্ত ভুক্ত শেষ করি অবলম্ব। কৃষ্ণ ভক্ত নাম মালা করিল আরম্ভ ॥ শ্রোতা শ্রীপাঠক পদে করি নিবেদন। দয়া করি কর পাঠ করিয়া শোধন ॥ শোধন করিতে যদি ঘটে উৎপাত। মোর মুণ্ডে কর সবে বহু পদাঘাত ॥ সবাকার পাদপদ্মে অভিলাষ উক্তি। গুরু কৃষ্ণ বৈষ্ণবের পদে রহে ভক্তি ॥ মুই অতি নরাধম প্রচণ্ড পাপিষ্ঠ। নিজগুণে দয়াকর প্রভু রাম কৃষ্ণ ॥ বিনোদ পদারবিন্দে করে কৃতাঞ্জলি। রামকৃষ্ণ কৃষ্ণরাম হৃদে কর কেলি ॥

প্রভাতী।

শ্রীকৃষ্ণের নিদ্রাভঙ্গ।

যশোমতি যশোদা পৌর্ণমাসী সঙ্গে। কৃষ্ণের শয্যায় রাণী বসিলা আনন্দে। চিবুক ধরিয়া রাণী মৃদুভাষে বলে। লক্ষ লক্ষ চুম্ব দেন বদন কমলে॥ বাৎসল্য ভাবেতে কহে গদগদ বাণী। গাতোলো গোবিন্দ হরি বাপ জাদুমণি॥ চক্ষে নীর বক্ষে ক্ষীর ঝরে ঘনেঘন। নীরক্ষীরে শয্যা রাণী করিল সিঞ্চন॥ উঠহ গোপাল লাল ব্রজেন্দ্র নন্দন। নবনী মাখন সর করহ ভক্ষণ॥ গোষ্ঠ হইতে আসি কালি বাপ যাদুমণি। খাইতে চাহিয়া বাছা ঘুমালে অমনি॥ প্রাঙ্গনে দাঁড়ায়ে নন্দ হেরহ নয়নে। পদ্মমুখ দেখি নন্দ যাবেন বাথানে॥ দেখ কৃষ্ণ তব জ্যেষ্ঠ সুন্দর বলাই। ডাকে উভরায় রাম উঠরে কানাই। কম্পিত আমার প্রাণ হেরি বলরামে। বিলম্ব হইলে বাপ মারিবে বাথানে॥ শ্রীদাম সুদাম আর দাম বসুদাম। উৎ-কণ্ঠিত নিরখিতে ও চাঁদ বয়ান॥ চাতক চাতকী মত যত ব্রজবাসী। চিত্র পুত্তলিকা সম দাঁড়াইল আসি॥ চরণ চাপিয়া বিনোদ করে নিবেদন। উঠি মনো-বাঞ্ছা সবার করহ পুরণ॥ চক্ষু মেলি হাই তুলি মৃদু মৃদু হাসে। তাহা দেখি নন্দরাণী প্রেমানন্দে ভাসে॥ বাহু পসারিয়া মা কৃষ্ণ লয়ে কোলে। পুনঃ চুম্ব দেন কৃষ্ণের বদন কমলে॥ আনি ক্ষীর নবনীত যশোমতি মাতা॥ কৃষ্ণেরে ভুঞ্জান রাণী সুস্নেহ মমতা॥

প্রভাতী।

জয়তি জয়তি জয় কৃষ্ণ দামোদর পরমানন্দ গোবিন্দ।
জয় গোবিন্দং ভজ গোবিন্দং শ্রীগোবিন্দং মুকুন্দং।
শ্যামল সুন্দর নটবর নাগর মনোহর ললিত ত্রিভঙ্গ।
জয় গোপাল নন্দদুলাল যশোদানন্দ গোবিন্দং॥
জয় গোবিন্দ মণিন্দ্র বন্দং শ্রীহরিদেব দেবেন্দ্রং।
যদুকুল চন্দ্র সচ্চিদানন্দ গোকুলানন্দ গোপেন্দ্রং॥
অসবন কন্দ্ করুণাসিন্ধু শ্রীগতি রাধিকানন্দ।
রামনারায়ণঃ ব্রহ্মসনাতনঃ আদি অনাদি গোবিন্দং॥
শ্রীমধুসূদনঃ ভবভয়ভঞ্জনঃ বামননাম উপেন্দ্রং।
হেকরুণাময়ঃ দীনদয়াময়ঃ শ্রীব্রজনাগর চন্দ্রং॥
যাদব মাধবঃ কেশব রাঘবঃ কৃষ্ণ কৃপাময় শান্তং।
কৃষ্ণ মনোহর শ্রীধর ঈশ্বর শ্রীপতি কমলা কান্তং।
হেদীন বান্ধব হেকরুণার্ণব কেশব কৃষ্ণ অনন্তং॥
হেগোপীবল্লভ দে গণ দুর্লভ ত্বংগতিনাথ নিতান্তং।
গোকুলচন্দ্র শ্রীব্রজানন্দ কলিভবে ত্রাহি গোবিন্দং॥
আনন্দস্কন্ধ নিত্যানন্দ নিত্যতি হরিগুণানন্দং
বিনোদ পামর উদ্ধারো উদ্ধারো শ্রীগতিনাথ মুকুন্দং॥

শ্রীগুরুদেব বন্দনা।

জয় জয় গুরুদেব ব্রহ্মসনাতন। চৈতন্য করিল্যা প্রভু দিয়ে জ্ঞানাঞ্জন॥ গুরু ব্রহ্ম গুরু বিষ্ণু গুরু সর্ব্বেশ্বর। গুরু কর্ণধার মূলাধার পরাৎপর॥ ব্রহ্মরন্ধ্রে সহস্রারে যাঁর অবস্থিতি। প্রভুর পদারবিন্দে অসংখ্য প্রণতি॥ অমল কমলদল চরণ যুগল। মঙ্গলের মূল-

নাথ দুর্ব্বলের বল। শ্রীগুরু পদারবিন্দ সর্ব্বতীর্থময়। ইহাতে সন্দেহ নাহি জানিহ নিশ্চয়॥ সাগর সঙ্গম ভাগীরথী সরস্বতী। কাশী কাঞ্চী অবন্তিকা দ্বারিদ্বারবতী॥ নর্ম্মদা অযোধ্যা কুরুক্ষেত্র গোদাবরী। গোমতী যমুনা গঙ্গা হরিদ্বার পুরী॥ গয়া ক্ষেত্র তীর্থরাজ প্রয়াগ ত্রিবেণি। ভাগীরথী ভোগবতী স্বর্গে মন্দাকিনী॥ গণ্ডকী প্রভাসতীর্থ আর চক্রতীর্থ। নৈমিষারণ্যধাম গোকুল রঙ্গক্ষেত্র॥ কাবেরী সরযূ পুষ্কর হিমালয়। পরিপূর্ণ সর্ব্বতীর্থ গুরু পদোদয়॥ যত ফল হয় সর্ব্ব তীর্থ পর্য্যটনে। সর্ব্বতীর্থ প্রাপ্ত হয় শ্রীপদ দর্শনে॥ ততোধিক পাদোদক যে করে ভক্ষণ। সর্ব্বতীর্থ হয় তার সফল জীবন॥

তথাহি গুরু গীতায়াং।

সপ্তসাগর পর্য্যন্তং তীর্থ নানা কৃতংফলং।
গুরুরজ্ঘ্রা জলংবিন্দু সহস্রাংস ততোধিকং॥

গুরু প্রদর্শিতে দেব মন্ত্র বিধি সার। অতএব গুরু পদ চিন্ত বারম্বার॥ এক মূর্ত্তি শ্রীপতি শ্রীগুরু মূর্ত্তি ধরি। মন্ত্রাচর্য্য গুরু প্রভু আপনি শ্রীহরি॥

তথাহি শ্রীমদ্ভাগবতে শ্রীকৃষ্ণ বাক্য।

আচার্য্যং মাংবিজানীয়াৎ নাব মন্যেত কর্হিচিৎ।
অতস্তুং নাভ্যসূয়েত সর্ব্বদেব ময়োগুরুঃ॥

শ্রীগুরু মুখারবিন্দে মন্ত্র অবস্থিতি। হেন মন্ত্র দাতা গুরু অগতির গতি॥ ত্রাণ হেতু মোরে প্রভু দিলে জ্ঞানাঞ্জন। পাইয়া হারাই পাছে অমূল্য রতন॥ সর্ব্ব সিদ্ধ হবে ভাব শ্রীগুরু চরণ। গুরু কৃপা হলে পাবে শ্রীনন্দনন্দন॥ গুরুর মহিমা গুণ অচিন্ত্য অদ্ভুত। শ্রীগুরু বন্দনা করে ধর্ম্মদাস সুত॥

শ্রীকৃষ্ণের রূপ বর্ণন।

ত্রিভঙ্গ ভঙ্গিম ঠাম অতি অনুপাম। জ্যোতি অভ্যন্তরে রূপ নবঘনশ্যাম॥ গোলকের নাথ হরি শ্রীনন্দনন্দন। শ্রীরাধাবল্লভ হরি ব্রজের জীবন॥ বিনোদ নীরদ কান্তি সুচারু বদন। শিরে শিখিপুচ্ছ শোভে ভুবন মোহন॥ জিনিয়া হৈয়ঙ্গবীন কমল শ্রীঅঙ্গ। মনোহর নটবর ললিত ত্রিভঙ্গ॥ কপালে অলকাবৃত কর্ণেতে কুণ্ডল। সুকোমল গণ্ডস্থলে করে ঝলমল॥ কামধনু নিন্দি ভুরু ভঙ্গিম মাধুরী। গোপাঙ্গনা মন প্রাণ নিল পরিহরি॥ মনোহর নটবর বঙ্কিম নয়ন। যাতে ভুলাইল কৃষ্ণ ব্রজাঙ্গনাগণ॥ কস্তূরি তিলক ভালে চন্দনের বিন্দু। নাসা অগ্রে গজমতি নিন্দি কোটি ইন্দু॥ মধুর বদনে কিবা মৃদু মন্দ হাসি। বিনোদ অধরে বাজে মনোহর বাঁশি॥ নবজলধর রূপ শ্যামলসুন্দর। কটিতটে স্থগিত তড়িত পীতাম্বর॥ কোকনদ জিনি কিবা চরণযুগল। শিরীষ কুসুম জিনি অতি সুকোমল॥ নখচন্দ্রে কত বিধু লইল নিছুনি।

সর্ব্বতীর্থময় রাঙ্গা চরণ দুখানি ॥ যে পদে উদ্ভবা গঙ্গা ত্রৈলোক্য তারিণী। সেই পদ তত্ত্বজ্ঞাত দেব শূল-পাণি ॥ উদ্ধারিতে ভব অব্ধি করিলেন বিস্তার। পাপী মহাতাপী জীব করিলেন উদ্ধার ॥ গয়াসুরে দিলা নাথ পাদপদ্ম চিহ্ন। শিরেধরি কালিনাগ মহা-মান্য ধন্য ॥ গোবিন্দ পদারবিন্দ কি দিব তুলনা। অহল্যা মানবী যাতে কাষ্ঠনৌকা সোণা ॥ পদ্মপুষ্প নিন্দি শ্রেণী চরণারবিন্দ। ভৃঙ্গরূপে পদপ্রান্তে ফিরে ভক্তবৃন্দ ॥ পামর বিনোদ দাস করে নিবেদন। অন্তকালে দিও নাথ ও রাঙ্গা চরণ ॥

শ্রীকৃষ্ণচন্দ্রের রূপবর্ণন।

জিনি নবঘনশ্যাম, ত্রিভঙ্গ ভঙ্গিমা ঠাম, নিরুপম ভুবন সুন্দর। গোপবেশ বেণুকর, নবকৈশ নটবর, মনোহর রসিক শেখর ॥ শিরে শিখিপুচ্ছ চূড়া, তাহে নবগুঞ্জ বেড়, সুধীর সমীরে মন্দ দোলে। কস্তূরি তিলক নাসে, তিমির গর্ব্বের নাশে, অলকা আবৃত্ত শোভে ভালে ॥ নাসা অগ্রে গজমতি, অরুণ তরুণ দ্যুতি, সুমাধুর্য্য সহাস্য বদন। নীলাম্বুজ জিনি নেত্র, সতত করয়ে নৃত্য মনোলোভা বঙ্কিম নয়ন ॥ শ্রীমুখে মধুর হাসি, অধরে মোহন বাঁশি, ধ্বনি শুনি কালিন্দী উজান। স্থগিত চন্দ্রের রথ, কুরঙ্গ না হেরে পথ, গোপিকার হরয়ে পরাণ ॥ গণ্ডস্থল সন্নিধানে, মকর

কুণ্ডল কাণে, ঝলমল দোলিছে সঘনে। বিবিধ কুসুম ফুলে, বৈজয়ন্তী হার গলে, মন্দ মন্দ হেলিছে পবনে ॥ চন্দন চর্চ্চিত কায়, গোরোচনা শোভা তায়, অলকার বিন্দু মাঝে মাঝে ॥ পীতাম্বর পরিধান, নিন্দি সৌদামিনী দান, কিবা শোভা শ্যাম অঙ্গে সাজে ॥ কনক বলয়া টার, হেম রত্ন গুঞ্জহার, বক্ষঃস্থলে করে ঝলমল। সহজে বিনোদ কায়, ভুষণে ভূষিত তায়, কৃষ্ণমূর্ত্তি ভুবন উজ্জ্বল ॥ নবনী পুথুলি তনু, শ্রীনন্দ নন্দন কানু, রত্ন ভূষা কহে সকাতর। আমি সে কঠিন ভাগ্য, ভূষণে নহিক যোগ্য, আভরণ চিন্তে নিরন্তর ॥ মরিলে জনম নিব, শিরীষ কুসুম হব, পদতলে রহিব পড়িয়া। অথবা চন্দন হয়ে সুকোমল পদদ্বয়ে, নিরবধি থাকিব মিশিয়া ॥ তীর্থাস্পদ পদদ্বয়, গঙ্গা আদি তীর্থ ময়, প্রফুল্ল কমল পদদ্বন্দ্বে। মধুকর যত ভক্ত, মধুপানে সদা মত্ত, পদপ্রান্তে ভ্রমে প্রেমানন্দে ॥ কিবা সে রাতুল পদ, জিনি জবা কোকনদ, সুকোমল চরণ দুখানি। রতন নুপুর সাজে, অতি সুমধুর বাজে, মরি মরি লইয়া নিছুনি ॥ পাদপদ্ম স্নিগ্ধ জিনি, সুধাকর দিনমণি, পদপ্রান্তে লইল শরণ। ধ্বজবজ্রাঙ্কুশ চিহ্ন, পদতলে ভিন্ন২, অকলঙ্ক শশি সুশোভন ॥ শঙ্খ চক্র স্ব পুষ্টিক, উর্দ্ধরেখা কোণাষ্টক, খং পদে আকাশ ছত্র শোভা। গোষ্পদ ত্রিকুন জব, মন্দাকিনী উদ্ভব, ভকত জনার মনোলোভা ॥ এ বিনোদ দাসে কয়, শুন দীন দয়াময়, নিবেদন করি যোড় হাতে

শরণ লভেছি পায়, আর কারু নাহি দায়, পাদপদ্ম দেহ মোর মাথে ॥

শ্রীবলরামচন্দ্রের রূপ বর্ণন।

জয় জয় বলদেব মত্ত হলধর। গোবিন্দ অগ্রজ রাম রূপের নাগর ॥ রামকৃষ্ণ অভেদাত্মা লীলার কারণ। স্ফটিক নিন্দিয়া রামরূপ অনুপাম। ত্রিভঙ্গভঙ্গিমা কিবা বদন সুঠাম ॥ কখন শিখণ্ডচূড়া নবগুঞ্জ তায়। কখন বিনোদ পাগ বিনোদ মাথায় ॥ রামশ্রুতিমূলে এক বিচিত্র কুণ্ডল। অলকা আবৃত মুখে করে ঝলমল ॥ অধরে মধুর শিঙ্গা নয়ন রাতুল। কৃষ্ণনামামৃতে সদা আঁখি ঢুলঢুল ॥ কণ্ঠে লম্ব হেমকাঁঠি গলে বনমালা। রূপের ছটায় ত্রিভুবন করে আলা ॥ কত শত অলি গুঞ্জে চরণ পঙ্কজে। রতন নূপুর কিবা সুমাধুর্য্য বাজে ॥ কিঙ্কিনী ঘুঙ্গুর কিবা বাজে ঘনে ঘন। শুনি সুমধুরধ্বনি মদন রঞ্জন ॥ নাচিয়া নাচিয়া যায় ঈষৎ হাসিয়া। ভাইরে কানাই বলি পড়য়ে ঢলিয়া ॥ অশ্রুপুলকাঙ্গ কিবা তাল কক্ষে ধরে। কৃষ্ণ মোর ভাই বলি আপনা পাসরে ॥ অচল মেদিনী কেন করে টলমল ॥ সামান্য কানাই ভাই হেদেরে চঞ্চল ॥ কখন ডাকেন কোথা ভাইরে শ্রীদাম। সুদাম সুবল কোথা দাম বসুদাম ॥ কখন রেবতী বলি ডাকে উভরায়। মধু দেহ বলি রাম মস্তক ঢুলায় ॥ কে কহিতে পারে তার অপরূপ খেলা।

অপার গুণের নিধি অদ্ভুত লীলা ॥ বলরাম পাদ পদ্ম হৃদে করি আশ। চরণে শরণ মাগে এ বিনোদ দাস ॥

রাম কৃষ্ণের যুগলরূপ বর্ণন।

নবীন নীরদ শ্যাম, শুক্লাজ্জ জিনিয়া রাম, বিহরই যমুনার তীরে। শ্রীদাম সুদাম সঙ্গে, গোষ্ঠানন্দে প্রেমানন্দে, রামকানু আনন্দে বিহরে ॥ দেবেন্দ্র পরমানন্দ, বলভদ্র শ্রীগোবিন্দ, চিদানন্দ মূর্ত্তি মনোহর। মোহন বিনোদ চূড়, তাহাতে মালতী বেড়া, নটবর কৈশোর নাগর ॥ চঞ্চল বঙ্কিমআঁখি, যেন খঞ্জনীয়া পাখী, শুকপক্ষ ভুবন মোহিত। শ্বেতনীল কলেবর, বংশীধর হলধর, বেণুরবে কালিন্দী স্থগিত ॥ ত্রিভঙ্গ ভঙ্গিমা ঠাম, নীল পীত পরিধান, গোপেন্দ্র গোপাল চূড়ামণি। সহজে মোহন কায়, ভূষণে ভূষিত তায়, মরেযাই লইয়া নিছনি ॥ অলকা আবৃত মুখ, জগন মোহন রূপ, বৈজয়ন্তী বনমালা গলে। কর্ণেতে কুণ্ডল শোভা, গোপীকার প্রাণলোভা, গণ্ডে গণ্ডে মন্দ মন্দ দোলে ॥ কুন্দ পুষ্প জিনি ভাতি, দন্ত মুকতার পাঁতি, মুখাম্বুজে সুমধুর হাসি। হাসিতে বিজরি খেরে, ত্রিজগত মনোহরে, মকরন্দ ঝরে রাশি রাশি ॥ রতন নূপুর পদে, অতি সুমধুর নাদে, না চলিতে বাজে ঘনে ঘন। ধ্বজ বজ্রাংকুশ রেখা, বহে গঙ্গা শ্রীপদ বাঁকা, নখচন্দ্রে লভিল শরণ ॥ রাখাল

করিয়া মেলা, প্যাতিয়া বিনোদ খেলা, বিনোদিয়া যমুনার তটে। গাবীগণ পুচ্ছ তুলি, হেরি রাম বনমালি, প্রেমে গাবী দোঁহা অঙ্গ চাটে॥ দেবগণ স্বর্গপথে, কেহ হংসে কেহ রথে, অন্তরীক্ষে করে কৃতাঞ্জলি। কহিছে বিনোদ দাস, পুরাহ মনের আশ, হৃদপদ্মে সদা কর কেলি॥

শ্রীমতী রাধিকার রূপ বর্ণন।

জয় জয় কৃষ্ণপ্রিয়া রাধা সুধামুখী। যেরূপ লাবণ্য দেখি সদা কৃষ্ণ সুখী॥ জয় বিনোদিনী রাধে কৃষ্ণ আহ্লাদিনী। একাত্মা রাধিকা কৃষ্ণ ব্রজ বিলাসিনী॥ গোলোকধামিনী বৃষভানুর নন্দিনী। কৃষ্ণপ্রিয়া কৃষ্ণ কান্তা শ্যাম মনমোহিনী॥ সর্ব্বাঙ্গ সুন্দরী রূপ কি দিব তুলনা। কেহ কহে সৌদামিনী কেহ কাঁচা সোণা॥ প্রভাত অরুণ নিন্দি হেমাব্জ বরণী। সুপ্রসন্না সুলোচনা রাধে বিনোদিনী॥ কৃষ্ণ মনোলোভা রূপ অতি অনুপমা। ত্রিভুবনে নাই রাই রূপের তুলনা॥ নবীনা কিশোরী বৃষভানুর নন্দিনী। কুন্তলে বিচিত্র বেণী জিনি ভুজঙ্গিনী॥ একে সে গৌরাঙ্গী তাহে নীল পট্টসাড়ী। নানা আভরণ যুক্তা ভুবন সুন্দরী॥ নাসাগ্রে বেশর কিবা দোলে গজমতি। খঞ্জনী নয়নী ধনী হংস জিনি গতি॥ শ্যামামৃত রসে মগ্না কৃষ্ণ আহ্লাদিনী। রূপে গুণে ডগ মগী কাঞ্চন বরণী॥ বুঝিতে রাধার রূপ আপনি গোবিন্দ।

রাধারূপ ভাবি শ্যাম হইল গৌরাঙ্গ ॥ রসময়ী রাসেশ্বরী নবীন কিশোরী। শ্যাম নবঘনে রাধে স্থগিত বিজরী ॥ এ দাস বিনোদ ভক্তি তুয়া পদে মাগে। কৃষ্ণ মন্মোহিনীরূপ হৃদি মাঝে জাগে ॥

শ্রীমতী রাধিকার রূপ বর্ণন।

রাধা বিনোদিনী, কৃষ্ণ আহ্লাদিনী, রসময়ী প্রেমাঙ্কুরী। কাঞ্চন প্রতিমা, কিসে দিব সীমা, নিছুনি লইয়া মরি ॥ নবীনা কিশোরী, বিনোদ নাগরী, বৃষভানু সুকুমারী। গৌরাঙ্গী সুভঙ্গী, প্রেমে পুলকাঙ্গী, রসবতী রাসেশ্বরী ॥ অমল কমল, চরণ যুগল, পদাম্বুজ সুশীতল। জিনিয়া হিঙ্গুল, শ্রীপদ অতুল, পূর্ণচন্দ্র ঝলমল ॥ গগণের চান্দ, তেজি নিজ স্থান, পদপ্রান্তে পড়ি কান্দে ॥ শ্রীপদ পঙ্কজে, যেন অলি গুঞ্জে, ত্যজিয়া কুসুম গন্ধে ॥ ছত্র পুষ্পধ্বজা, শঙ্খ ঊর্দ্ধরেখা, চরণে শোভন অতি। কুণ্ডল সন্দন কস্তূরী চন্দন, হংস জিনি মন্দ গতি ॥ শ্রীচরণোপরি, নূপুর মাধুরী ঝুণু ঝুণু ঝিবা নাদে। সুললিত উরু, জিনি রম্ভা তরু, কেশরি মধ্যমা রাধে ॥ সুনাভি আবৃত, ত্রিবলি বেষ্টিত, সারদা কালিন্দী গঙ্গা। নীলপট্টসাড়ি, বিচিত্র অম্বরি, উঠিছে প্রেম তরঙ্গা ॥ শ্রীফল দাড়িম্ব, কুচ বর কুম্ভ, নানা আভরণ ভাতি। চম্পক মালতী, পুষ্প নানা জাতি, গলে দোলে গজমতি ॥ কত আভরণ, শ্রীঅঙ্গে ভূষণ, ভুষণে ভুষিত অঙ্গ। ও রূপমাধুর্য্য,

হেরি নন্দাত্মজ, হলেন বাঁকা ত্রিভঙ্গ ।। পক্কবিম্বাধরী, সুরঙ্গ সুন্দরী, তিল ফুল জিনি নাসা। প্রফুল্ল পঙ্কজ, বদন সরোজ, তাহে মৃদু হাসি মিশা ।। নাসার বেশর, অতি মনোহর, নিশ্বাস সঘন দোলে। কুরঙ্গ নয়নী, বঙ্কিম চাহনী, স্বর্ণসিথি শোভে ভালে ।। সিন্দূরের বিন্দু, জিনি কোটি ইন্দু, আবৃত চন্দন বিন্দু। চান্দ বেড়া যেন, রহে তারাগণ, সুশোভন। মুখ ইন্দু ।। কর্ণে কর্ণ ফুল উজ্জ্বল দুকুল, স্বর্ণ ঢেড়ি অতি শোভা। ভুরুর ভঙ্গিম, রঙ্গিম বঙ্কিম, মোহনের মনোলোভা ।। পৃষ্ঠে দোলে বেণী, জিনি ভুজঙ্গিনী, স্বর্ণ ঝুরি আগে সাজে। সে বেণী লম্বিত, ধরণী চুম্বিত, মোহিত অটল বাজে ।। আপন বদনে, হেরিয়া দর্পণে, আপনি মোহিত হলে। কহিছে বিনোদে, ধরি দুটি পদে, শ্যামের দর্শন পেলে ।।

শ্রীরাধা নামযুক্ত নামাবলি।

জয় জয় রামকৃষ্ণ নিতাই চৈতন্য। অবতীর্ণ পূর্ণব্রহ্ম অবতার ধন্য ।। অভিন্ন চৈতন্য নিত্যানন্দ হলধর। রাধাকৃষ্ণ এক আত্মা প্রভু বিশ্বম্ভর ।। নিতাই কানাই বলি গর গর অঙ্গ। রাধা রাধা রাধা বলি নাচেন গৌরাঙ্গ ।। জয় জয় রাধাকৃষ্ণ রাধা দামোদর। শ্রীরাধা গোবিন্দ হরি রাধা মনোহর ।। রাধাকান্ত রাধানাথ শ্রীরাধা বল্লভ। রাধাপতি রাধা গতি শ্রীরাধা মাধব ।। রাধা বর মনোহর শ্রীরাধা নায়ক।

শ্রীরাধিকার প্রাণপতি রাধার ভাবক ॥ রাধা জনার্দ্দন হরি শ্রীরাধা রমণ। রাধা কানু রাধা শ্যাম শ্রীরাধা মোহন ॥ শ্রীরাধা বিনোদ হরি রাধার জীবন। রাধিকা কিশোর কৃষ্ণ রাধা পরায়ণ ॥ রাধা ধন মন প্রাণ শ্রীরাধা নাগর। রাধা প্রেমে ডগ মগী গুণের সাগর ॥ রাধা কৃষ্ণ এক আত্মা রাধা সৌদামিনী। রতনে জড়িত যেন ইন্দ্র নীলমণি ॥ রাধা হেম লতা শ্যাম তমাল বরণ। ইন্দ্র ধনু পাশে যেন সূর্য্যের কিরণ ॥ স্বর্ণ মলিনী রাধা প্রেমের পাথারে। কৃষ্ণ ভৃঙ্গ রূপে রাধা সুধা পান করে ॥ রাধা রূপ গুণ লীলা কে পারে কহিতে। গৌরাঙ্গ হলেন শ্যাম রূপ আস্বা-দিতে ॥ রাধা কানু এক তনু হইল এক অঙ্গ। রাধা কৃষ্ণ বলি নিয়ে করেন গৌরাঙ্গ ॥ এক দিন বৃন্দাবনে নিকুঞ্জ মন্দিরে। ধূলায় ধুসর শ্যাম রাধা রূপ হেরে ॥ রাধা রাধা রাধা বলি হইলা মূর্চ্ছিত। তাহা দেখি সুধামুখী হইলা কম্পিত ॥ কি লাগি এমত দশা হলে প্রাণনাথ। প্রাণ যায় প্রাণ কাটে ইকি অকস্মাৎ ॥ মরি মরি মরি হরি ইকি কব [illegible]। ধূলায় ধুসর কেন [illegible] শ্রী[illegible] ॥ দাসী হয়ে [illegible] দশা দেখিতে কি [illegible] কি হলো কি [illegible] বলি ভাবেন অন্তরে ॥ পুন যদি [illegible] দশা [illegible] প্রাণনাথ। এতেক [illegible] [illegible] বড়ই বিষাদ ॥ ডাকিলেন শ্যাম [illegible] [illegible] [illegible] অভ্যন্তরে [illegible] [illegible] বাহিরে [illegible] ॥ গৌরাঙ্গ [illegible] নবদ্বীপ [illegible]। [illegible] [illegible] ॥

তার বঙ্কিম নয়ান ॥ হের দেখ অপরূপ অমল কমল। ধ্বজ বজ্রাঙ্কুশ চিহ্ন চরণ যুগল ॥ বলয় বসন মন হরি গোপীকারণ এখানেও সেই ভাব দেখগো তাহার ॥ চোরের স্বভাব কভু ছাড়িতে না পারে। মনচোরা মন প্রাণ চাহে হরিবারে॥ যদি হও মন চোর শ্রীনন্দ নন্দন। নারীরে হরিতে হরি বিনোদের মন ॥

শ্রীরাধাকৃষ্ণের যুগলরূপ বর্ণন।

জয় জয় শ্রীগোবিন্দ ব্রজেন্দ্র নন্দন। মুকুন্দ পরম, নন্দ যশোদা জীবন ॥ জয়তি শ্রীমতী রাধে কৃষ্ণ আহ্লাদিনি। শ্রীরাধা পরমারাধ্যা কৃষ্ণ পরায়ণি ॥ শ্রীরাধাবল্লভ হরি রসিক শেখর। ব্রজনাথ রাধানাথ শ্রীরাধা নাগর ॥ গোবিন্দবল্লভা রাধা পরম প্রকৃতি। রসময়ী কৃষ্ণময়ী পূর্ণ রসবতী ॥ নবীন নীরদ শ্যাম মরকত মণি। কনকপ্রতিমা বৃষভানুর নন্দিনী ॥ শ্রীকৃষ্ণ হৃদয় মাঝে রাধা সুবদনী। শ্যামামৃত রসে মগ্না রাধা বিনোদিনী ॥ নীলকান্ত মণিশ্যাম শিখি-পুচ্ছ শোভা। গৌরাঙ্গী সুভঙ্গী বেণী [illegible] রাধা ॥ কৃষ্ণ গণ্ডস্থলে শোভে মকর কুণ্ডল রাই কর্ণে স্বর্ণ চেড়ি করে ঝলমল ॥ শ্যাম নবজলধর পীতাম্বর ধারী। নীলবস্ত্র পরিধান নবীনা কিশোরী ॥ ভুবনমোহন কৃষ্ণ ভূষিত ভূষণে। [illegible] রাই-

কান্তি নানা আভরণে॥ কৌস্তুভ ভূষণ কৃষ্ণ গুঞ্জমালা গলে। মল্লিকা মালতী মালা রাই অঙ্গে দোলে॥ গোবিন্দ পুণ্ডরীকাক্ষ ত্রিভঙ্গ ভঙ্গিমা। ইন্দীবর বিশা-লাক্ষী পঙ্কজ নয়না॥ স্বহাস্য বদন শ্যাম অধরে মুরলী। কৃষ্ণ সুখী হাস্যমুখী পক্ক বিম্বাধরী॥ তুলসী চন্দন কিবা শ্যামঅঙ্গে শোভা। চন্দন চর্চ্চিতা রাধা কৃষ্ণ মনোলোভা॥ ভুবনমোহন কৃষ্ণ রাধা সুবদনী। শ্যাম নবজলধর রাই সৌদামিনী॥ রাধাকৃষ্ণ এক আত্মা শ্রীগোবিন্দ রাধা। দক্ষিণাঙ্গ শ্যামঅঙ্গ বাম অঙ্গ রাধা॥ হাস্য পরিহাস্য রসে শ্রীরাস বিলাসী। সঙ্গে রঙ্গে ব্রজাঙ্গনা গোকুলনিবাসী॥ কৃষ্ণের মুরলী ধ্বনি রাধা নাম সাধা। প্রাণনাথ নন্দসুত জপেন শ্রীরাধা॥ জয় রাধে জয় কৃষ্ণ কিশোরী কিশোর। দোঁহে দোঁহা রূপ হেরি আনন্দে বিভোর॥ রাধা বিনোদিনী কৃষ্ণ বিনোদ নাগর। চরণে ভকতি মাগে বিনোদ কিঙ্কর॥

নিবেদন।

প্রভু কৃপাময়, দেহ পদাশ্রয়, এই নিবেদন কার। হে নাথ গোবিন্দ, শ্রীগোকুলানন্দ, গিরিধারী বংশী-ধারী॥ ওহে নন্দলাল, যশোদা দুলাল, নীলকান্তমণি আভা। রসিক শেখর, অতি মনোহর, শিরে শিখিপুচ্ছ শোভা॥ তুমি ব্রজানন্দ- গোপাল গোবিন্দ, নবঘন

জিনি শ্যাম। চন্দন চর্চ্চিত, অলকা আবৃত, ত্রিভঙ্গ ভঙ্গিম ঠাম॥ বঙ্কিম বদন, বঙ্কিম নয়ন, অধরে মোহন, বাঁশী। চরণ যুগল, অমল কমল, মকরন্দ থোররাশি॥ এদাসী তোমার, শ্রীনন্দকুমার, দয়া না ছাড়িও হরি। ধরি দুটি পায়, ওহে শ্যাম রায়, সদা হৃদে কর কেলি॥ গোবিন্দ পরমানন্দ, মুকুন্দ সচ্চিদানন্দ, নন্দলাল যশোদা দুলাল। গোপাল গোকুলানন্দ, যাদবেন্দ্র রাধানন্দ, দীনবন্ধু পরম দয়াল॥ গোপবেশ বেণুকর, নবকৈশ মনোহর, দয়া কর শ্রীরাধা নাগর। দামোদর সর্ব্বেশ্বর, পীতাম্বর বিশ্বম্ভর, গোপীকান্ত দয়ার সাগর॥ নবীন নীরদ শ্যাম, ত্রিভঙ্গ ভঙ্গিমা ঠাম, অনুপাম ভুবন সুন্দর॥ মোহন বিনোদ চূড়া, তাহাতে মালতী বেড়া, অপরূপ রূপ মনোহর॥ তীর্থ মূল পদ দ্বন্দ্ব, সদা খেরে মকরন্দ, কিবা শোভা চরণ মাধুরী। ওহে কৃষ্ণ কামধেনু, লইয়া মোহন বেণু, ঐ পদ দেহ শিরোপরি॥ কহিছে বিনোদ দাস, পুরাও হে মনের আশ, হৃদপদ্মে সদা কর কেলি।

বৃন্দাবন লীলার শ্রীদামোদর সংক্ষেপ বর্ণন।

নমো নমো দামোদর পতিতপাবন। নমস্তে শ্রীধর হরি অধম তারণ। নমো কৃষ্ণ দামোদর গোপাল গোবিন্দ॥ নমস্তে শ্রীধর কৃষ্ণ মাধব মুকুন্দ॥ নমো

নমো দামোদর কৃষ্ণ পূর্ণতম। গোলোক ত্যজিয়ে ব্রজে লইলে জনম॥ দৈবকীর গর্ব্ভে বাস অপবাদ মাত্র। জগত নিবাস প্রভু কৃষ্ণ নিত্য সত্ত্ব॥ নমো নমো দামোদর প্রভু স্বেচ্ছাময়। ব্রজে অবতীর্ণ হৈলে হইয়া সদয়॥ ধন্য ধন্য দামোদর দয়ার সাগর। পুতনায় মাতৃ গতি দিলে দামোদর॥ দেখ বকী কালকূট করিল অর্পণ। তথাপি তাহারে দিলে অতুল চরণ॥ পরম দয়ার্দ্র নাথ কে আছে এমন। এই ভরসার দাস লইলো শরণ॥ নমো নমো দামোদর ধন্য তব লীলা এক মাসে অনায়াসে শকট ভাঙ্গিলা॥ নমস্তে শ্রীধর কৃষ্ণ প্রভু জনার্দ্দন। তৃণাবর্ত্ত মারি গতি দিলে নারায়ণ॥ নমো দামোদর করি মৃত্তিকা ভক্ষণ। মায়ে দেখাইলে মুখে এ চর্দ্দ ভুবন॥ তথাপি যশোদা তোমায় না মানে ঈশ্বর। অদ্ভূত তোমার লীলা শ্রীকৃষ্ণ শ্রীধর॥ ননী চুরি কর হরি পাতি এক ছল। শুধিতে মায়ের ঋণ ভকতবৎসল॥ এই হেতু যশোদার লইলে বর্দ্ধন। কত রঙ্গ ভঙ্গ জান শ্রীনন্দনন্দন॥ আর এক হেতু পদে করি নিবেদন। ছিল দুই পাপী তাপি যমল অর্জুন॥ দোঁহার নিস্তার হেতু শ্রীনন্দ কুমার। বন্দি হলে তাহাদিগে করিতে উদ্ধার॥ ফল বিক্রয়িণী জন্ম করিতে সফল। সর্ব্ব ফল দাতা হরি খাইলে তার ফল॥ নমস্তে শ্রীধর কৃষ্ণ দৈবকীনন্দন। বৎস বকাসুর বধি করিলে মোচন॥ অঘাসুর কণ্ঠরোধ করি জনার্দ্দন। বৈরিভক্ত করি গতি দিলে নারা-

য়ণ ।। নম কৃষ্ণ দামোদর পরম ঈশ্বর। ব্রহ্মদর্প বিনাশক কৃষ্ণ দামোদর ।। নম কৃষ্ণ দামোদর ধন্য তব লীলা। তাল ভক্ষণার্থে নাথ ধেনুক বধিলা ।। নম দামোদর কৃষ্ণ কালিয়মর্দ্দন। মর্দ্দন কারণ হৈল কৃপার ভাজন ।। নাগপত্নী স্তবে প্রভু হইলে প্রসন্ন। কালিয় মস্তকোপরি দিলে পদচিহ্ন ।। দাবাগ্নি বেড়িল যবে গহন কানন। অবলীলা ক্রমে কৈলে দাবাগ্নি মোক্ষণ ।। প্রলম্ব বধিলা হরি হলধর রূপে। রাম কৃষ্ণ অভেদাত্মা একই স্বরূপে ।। নমো নমো দামোদর শ্রীনন্দনন্দন। বেণু গীতে তুষ্ট কৈলা গোপাঙ্গনা গণ ।। ধন্য ধন্য দামোদর লীলা চমৎকার। ভঙ্গী করি হর গোপীর বস্ত্র আভরণ ।। নমো নমো দামোদর শ্রীকৃষ্ণ শ্রীধর। মুনি পত্নী হস্তে অন্ন খাইলে যজ্ঞেশ্বর ।। নমো নমো দামোদর পরম ঈশ্বর। ইন্দ্রযাগ ভঙ্গ ছলে কৈলা দামোদর ।। নমো নমো দামোদর কে পারে চিনিতে। রাখিতে স্বজন গিরি ধর বাম হাতে ।। নমো নমো দামোদর চন্দ্র জগৎহিত। অভিষেক কৈল ইন্দ্র সুরভি সহিত ।। নমো নমো দামোদর ব্রজেন্দ্রনন্দন। সর্প ভয় হৈতে নন্দে করিলে মোক্ষণ ।। নমো নমো দামোদর হরেকৃষ্ণ হরে। বরুণালয় হৈতে নন্দে আনিলে সত্বরে ।। নমো নমো দামোদর বৃন্দাবনচন্দ্র। গোপীসঙ্গে রঙ্গে রাস করিলে গোবিন্দ ।। সে রাস লাবণ্য লীলা বর্ণে শক্তি কার। কি জানে অবোধ এ বিনোদ দুরাচার ।। যত গোপী স্তুত

কৃষ্ণ শ্রীরাস মণ্ডলে। আত্মারাম রূপে রাস কর কুতূহলে গীতে তুষ্ট কৈলা কৃষ্ণ গোপাঙ্গনাগণ। স্বাধীন গোপীর হৈলে শ্রীনন্দনন্দন॥ শঙ্খচূড় বধ নাথ কৈলা ব্রজানন্দ। দোল উৎসব কর হরি লয়ে গোপীবৃন্দ। নমো ব্রজানন্দ দাতা কৃষ্ণ বলরাম। অক্রূরেরে কৈলে নাথ সিদ্ধ মনস্কাম॥ কেশি বধ কৈলে কৃষ্ণ শ্রীধর মাধব। দয়াকর দামোদর শ্রীকৃষ্ণ কেশব॥ নমস্তে শ্রীধর দামোদর নারায়ণ। সুদামের মাল্য প্রভু করিলে ধারণ॥ কুবুজার মনোবাঞ্ছা পূর্ণ করাইলে। অঙ্গ স্পর্শে কুবুজার সুন্দরী করিলে॥ কুবলয়াপীড় গর্জ মুষ্টিক চাণূর। একে একে সর্ব্ব দুষ্ট বধিলে ঠাকুর॥ নমো রাম দামোদর কংস ধ্বংসকারী। দেবকীর সর্ব্ব দুঃখ নিবারিলা হরি। উদ্ধবে পাঠালে ব্রজে জানিতে কুশল॥ ব্রজবাসীর বৃদ্ধ হৈল বিচ্ছেদ অনল। উদ্ধবের বাক্যে সর্পি গোপীর নিশ্বাস। উঠিল বিচ্ছেদ অগ্নি পাইয়া বাতাস॥ হিতে বিপরীত হৈল কহনে না যায়। সে বিলাপ তাপে মোর প্রাণ বাহিরায়॥ বড়ই নিষ্ঠুর কৃষ্ণ ব্রজেন্দ্র নন্দন। না থাকিলে যম ভয় কোনিথ শরণ॥ মথুরায় নানা লীলা কৈলে দামোদর। মৃত পুত্র আনি তুষ্ট কৈলে গুরুবর॥ পরম অদ্ভুত লীলা প্রভু দামোদর। স্থাপিলে সমুদ্র মধ্যে দ্বারকা নগর॥ কৃতার্থ করিলে প্রভু নৃপমুচুকুন্দ। যাহা হৈতে প্রকাশিলে শ্রীগীত গোবিন্দ॥ শ্রীরুক্মিণী সত্যভামা কালিন্দী যমুনা। মিত্র বিন্দা ভদ্রা

নাগ্নজিতী সুলক্ষণা ।। জাম্ববান কন্যা দেবী জাম্ব-বতী সহ। এই অষ্ট মহিষীরে করিলা বিবাহ ।। ষোড়শ সহস্র নারী বিবাহ করিলা। মহানন্দে দ্বার-কায় কর নানা লীলা। বলরামচন্দ্র পুনঃ আসি বৃন্দা-বনে। রাস লীলা কৈলে নিয়া গোপিনী নবীনে ।। নমো নমো দামোদর লক্ষ্মীনারায়ণ। সুদামের দরি-দ্রতা করিলা ভঞ্জন ।। নরক বধিলে হরি বধি শিশু-পাল, কাশীপুর পুড়াইলে মারিলে শৃগাল ।। দন্তবক্র বিধুবল দ্বিবিদ বানর। জরাসন্ধ আদি সব দুষ্ট নৃপ-বর ।। অবলীলাক্রমে প্রভু রাম দামোদর। পৃথিবীর ভার নাশ কৈলে যদুবর।। পাণ্ডবে করিলা রক্ষা দয়ার প্রচুর। দ্রৌপদীর লজ্জা ভয় রাখিলা ঠাকুর ।। নমস্তে শ্রীদামোদর সর্ব্ব জীব পতি। নমস্তে শ্রীধর হরি অগতির গতি ।। নমস্তে শ্রীদামোদর পতিত পাবন। নমস্তে শ্রীধর কৃষ্ণ অধম তারণ ।। বিবিধ বিপদ ভার এই ভব সিন্ধু। ডুবিলাম ডুবিলাম রাখ দীনবন্ধু ।। অশরণ বন্ধু তুমি শ্রীনন্দনন্দন। অবলম্ব দেহ দাসে অতুল চরণ ।। করুণ নয়নে একবার ফিরে চাহ। নিরালম্বে অবিলম্বে পদাশ্রয় দেহ ।। কৃতঘ্ন বিনোদ দাস বড় নরাধম। রক্ষকৃষ্ণ রক্ষকৃষ্ণ পতিত পাবন ।।

শ্রীগোবিন্দ শত নাম।

জয় জয় গুরু কৃষ্ণ শ্রীকৃষ্ণ চৈতন্য। জয় জয় বলরাম প্রভু নিত্যানন্দ। রামকৃষ্ণ গোবিন্দ গোপাল দামো-

দর। নটবর রাধাবর রসিক শেখর ॥ শ্রীগোবিন্দ ব্রজানন্দ শ্রীনন্দ নন্দন। গোপেন্দ্র গোকুলানন্দ শ্রীবংশীবদন॥ মুকুন্দ পরমানন্দ শ্রীনন্দ কিশোর। রাধানন্দে সদানন্দ গোপী মনোহর॥ নন্দলাল ব্রজলাল ইন্দ্র নীলমণি। চিদানন্দ দেবেন্দ্র গোপাল চূড়ামণি॥ দয়াল রাখালরাজ যশোদাদুলাল। রাধা-কান্ত গোপীকান্ত মদনগোপাল॥ নবীন নীরদ শ্যাম কমল শ্রীঅঙ্গ। ভুবনমোহন রূপ ললিত ত্রিভঙ্গ॥ শিরে শিখিপুচ্ছ শোভা পরম সুন্দর। কপালে অলকা বিন্দু অতি মনোহর॥ কস্তূরি তিলক নাসে বঙ্কিম বয়ান। ইন্দ্রধনু জিনিভুরু পঙ্কজনয়ান॥ বেণুকর পীতাম্বর কস্তূর ভূষণ। বৈজয়ন্তীহার মণি গলে আভ-রণ॥ অরবিন্দ পদদ্বন্দ্ব ঘেরি মকরন্দ। তীর্থাস্পদ পদাম্বুজে ভৃঙ্গ ভক্তবৃন্দ॥ রাধানাথ গোপীনাথ ব্রজেন্দ্রনন্দন। গোপেশ গোপিকাকান্ত শ্রীব্রজমোহন॥ শ্রীকৃষ্ণ শ্রীধর হরি বাঞ্ছাকল্পতরু। কৃপাময় জগন্ময় জগতের গুরু॥ অচ্যুত অচিন্ত্য লীলা দৈবকীনন্দন। অবহেলে কৈলে নাথ গজেন্দ্রমোক্ষণ॥ যাদব মাধব হরি শ্রীরাম রাঘব। রাধা লক্ষ্মীপতি গতি শ্রীকৃষ্ণ কেশব॥ দীনবন্ধু কৃপাসিন্ধু দয়ার সাগর। দীন হীনে কর কৃপা দেখিয়া পামর॥ যজ্ঞেশ্বর সর্ব্বেশ্বর জগত কুশল। সর্ব্বজীব গতিপতি জগন্মঙ্গল॥ জগত আধার হরি বিধির বিধাতা। জগন্নাথ গতিনাথ জগতের পিতা॥ হৃষীকেশ মথুরেশ জগত নিবাস। দ্বারিকেশ

গুড়াকেশ প্রভু চিদাবাস ॥ ভূপতি শ্রীপতি কৃষ্ণ কমলার পতি। শ্রীলক্ষ্মীকমলাপতি অগতির গতি॥ নৃসিংহ বৈকুণ্ঠনাথ উপেন্দ্র বামন। জগন্নাথ জনার্দ্দন রামনারায়ণ॥ বিশ্বম্ভর বিশ্বাধার ভুবন পাবন। ভবার্ণবে কর পার শ্রীমধুসূদন॥ দৈত্যারি পুণ্ডরীকাক্ষ শ্রীকৃষ্ণ শ্রীধর। সৃষ্টিস্থিতি রক্ষাকারী পরম ঈশ্বর॥ পূর্ণব্রহ্ম সনাতন কৃষ্ণ চিন্তামণি। অন্তর্যামী আত্মারাম প্রভুচক্রপাণি॥ মুরারি কংসারি হরি দেবের দুর্লভ। দ্রৌপদীর প্রাণনাথ শ্রীরাধামাধব॥ রাধাকান্ত গোপীকান্ত শ্রীকান্ত কেশব। দুঃখার্ণবে রক্ষাকর্ত্তা শ্রীরাধাবল্লভ॥ অদিতি কশ্যপাত্মজ দেবকীনন্দন। কৌশল্যানন্দন রাম পতিতপাবন। গিরিধর বংশীধর কৃষ্ণ বনমালী। বাঞ্ছাপূর্ণ কর হরি হৃদে কর কেলি। অনাথের নাথ কৃষ্ণ শ্রীনন্দনন্দন। অন্তকালে প্রাপ্ত হয় বিনোদ বচন॥ অশরণ বন্ধু কৃষ্ণ করুণার সিন্ধু। ডুবিলাম ডুবিলাম রক্ষ দীনবন্ধু॥ অগতির গতি হরি পতিতপাবন। কলঙ্ক রেখোনা নামে শ্রীমধুসূদন॥

অথ শ্রীকৃষ্ণের বর্ণাক্ষর।

জয় অন্তর্যামি অনাদি ঈশ্বর। গোবিন্দ পরমানন্দ সর্ব্বেশ্বেশ্বর॥ অকার রূপেতে প্রভু সর্ব্ববর্ণে লিপ্ত। সর্ব্ববর্ণে স্থিতি যৈছে পুষ্পগন্ধযুক্ত॥ অসংখ্য অগণ্য লীলা নাহি যাঁর অন্ত। লীলা লাগি বহুভক্ত হইলা

আনন্দ ॥ অচ্যুত অনন্ত হরি অদিতিনন্দন। অযত্নে রাখিলা হরি হইয়া বামন ॥ আত্মারাম আত্মময় অখিলের পতি। অক্ষয় অব্যয় হরি অগতিরগতি ॥ আনন্দ পরমানন্দ অপার মহিমা। অধম অকৃতি জনে কিসে দিব সীমা ॥ কৃষ্ণ কৃষ্ণ কৃপাময় কমল-লোচন। কেশিমত্ত কৃষ্ণ কৈলা কালিয়মর্দ্দন। কংসারি কৈটভহারি কংসবতনয়। শ্রীকৃষ্ণ কিশোর কর্ত্তা বিষ্ণু বিশ্বময় ॥ কর্ণধার কৃপাময় শ্রীনন্দনন্দন। কল্পতরু গুরু হরি কারণকারণ ॥ কৌস্তুভ ভূষণ অঙ্গ কমলার পতি। কৃপাময় দয়াময় কিংকরের গতি ॥ কৃতান্তের ভয় হরি কম্পে মোর প্রাণ। ক্লেশ কলুষ প্রভু কর পরিত্রাণ ॥ খগেন্দ্র বাহন খট্টাঙ্গেরে কৃপাবান্। ক্ষুধার্ত্ত লক্ষ্মণে প্রভু রক্ষা কৈলা প্রাণ ॥ গোলোক গোকুলচন্দ্র গোবিন্দ গোপাল। গোপীনাথ গদাধর পরম দয়াল ॥ গোবর্দ্ধন ধরে হরি হলে গিরিধারী। গোধূলিধূসর অঙ্গ রূপের মাধুরী ॥ গোপীকার প্রাণ ধন গোপবেশধারী। গোপেশ গোপিকাকান্ত গুণের মাধুরী ॥ গোগোপ বল্লভ কৃষ্ণ গোষ্ঠ প্রিয়তর। গুণের সমুদ্র গুণাতীত গুণেশ্বর ॥ গজেন্দ্রমোক্ষণ কারী গতিনাথ গুণার্ণব। গোপেশ্বর গুরুরূপ গোবিন্দ মাধব ॥ ঘোর এ সংসার ঘোরে রাখ ঘনশ্যাম। ঘৃণা করি না চিনিহ কৃষ্ণ বলরাম ॥ ঘূর্ণিত নয়ন কিবা নবঘন আভা। ঘোষ নন্দ গৃহে জন্ম নীলকান্ত প্রভা ॥ চন্দন চর্চ্চিত অঙ্গ চন্দ্র কলেবর। চক্রপাণি চতুর্ভুজ

প্রভু চরাচর ।। চিন্তামণি চিদানন্দ চরাচর গুরু। চৈতন্য স্বরূপ প্রভু বাঞ্ছাকল্পতরু ।। সৃষ্টিকর্ত্তা সৃষ্টি হেলে কর হ পালন। ছল করি বলিরে ছলিলা নারা-য়ণ ।। ছলিতে আপনি বন্ধ বলির দ্বারেতে। নবীন চরণ দিলে বৃন্দার মাথাতে ।। ছল করি বান্ধা গেলে যশোদার হাতে। যমল অর্জ্জুন দোঁহে উদ্ধার ক-রিতে ।। ছল কত জান হরি শ্রীনন্দনন্দন। রাধার কলঙ্ক ছলে করিলা ভঞ্জন ।। ছল করি অম্বরীষে হইলা প্রসন্ন। ছল করি দুর্ব্বাসার দর্প কৈলা চূর্ণ ।। ছল করি দ্রৌপদীর লজ্জা নিবারিতে। শাককণা ভুঞ্জি তৃপ্তি করিলা জগতে ।। জয় জয় জগন্নাথ যশোদানন্দন। যাদবেন্দু জগবন্ধু ব্রহ্মসনাতন ।। জনার্দ্দন জগদীশ প্রভু যজ্ঞেশ্বর জ্যোতি অভ্যন্তরে রূপ শ্যামলসুন্দর ।। জগন্ময় জগৎকর্ত্তা জনক সবার। জন্ম অপবাদ মাত্র দেবকীকুমার ।। জগৎ আধার প্রভু জগতের গুরু। জগৎ উদ্ভব পোষ্টা বাঞ্ছাকল্পতরু ।। ঝলমল কুণ্ডল ঝুলিছে দুই কাণে। ঝনুঝনু নূপুর বাজে রাতুল চরণে ।। ঝঙ্কার করয়ে অলি ভক্ত পদাম্বুজে। মধুপান করি ভক্ত সুখেতে বিরাজে। ইঙ্গিতে ইন্দ্রের যজ্ঞ করিলা বিনাশ। ইঙ্গিতে ইন্দ্রত্ব দাও প্রভু শ্রীনিবাস ।। টঙ্কারে ভাঙ্গিলা প্রভু শিবগাণ্ডী খণ্ড। কোদণ্ড ধনুক ধারী প্রভু রামচন্দ্র ।। ঠাকুর ঈশ্বর তুমি পতিতপাবন। ঠেলোনা চরণ হৈতে বিনোদ অধম ।। ডমরুর দেতে শিব গাহে ব্রবময়। অনুবন্ধ গঙ্গাজন্ম তাহাতে

ডরে ইন্দ্রদেব হইয়া বিবেক। সুরভী সহিতে ইন্দ্র কৈল অবিবেক ॥

শ্রীগোবিন্দের বর্ণাক্ষর স্তুতি।

ডংশিল কালিয়নাগ নাচিনিল ব্রহ্ম। তথাপি তাহারে প্রভু দিলে পদদ্বন্দ্ব॥ ডমরু বাদ্য করি গোপিনী নাগায়। কানু রাই একঠাই গোপিকা দোলায়॥ ঢর ঢর রাধিকানন্দে রাধা অঙ্গ স্পর্শে। গদগদ ভাবে কৃষ্ণ প্রেমানন্দে ভাসে॥ রাই কানু দোঁহে প্রেমে হইয়া বিহ্বর। আনন্দসাগরে দোঁহে ভাসে নিরন্তর॥ ঢুলু ঢুলু রাই শ্যাম ঢুলু ঢুলু আঁখি। প্রেমমদে দোঁহে মত্ত দেখে সব সখী॥ ত্রাণ কর ত্রাণকর্ত্তা তাপিত অন্তর। তুলসীবল্লভ প্রভু ত্রৈলোক্য ঈশ্বর॥ ত্রিগুণ অতীত হরি ত্রিজগত পতি। ত্রিবিক্রম তুমি বিনা অন্য নাহি গতি॥ স্থূল সূক্ষ্ম রূপ স্থিতি করিলা ধারণ। স্থান দিও অন্তে নাথ রাতুলচরণ॥ দীনবন্ধু দীননাথ দেব দেবেশ্বর। দয়ার সমুদ্র দামোদর দয়া-ময়॥ দারিদ্র দুর্জ্জন হন্তা দৈবকীনন্দন। দ্রৌপদীর লজ্জা হরি করিলা ভঞ্জন॥ দ্বারিকার নাথ দয়া কর দীন প্রতি। দুঃখ নিবারক দাতা অন্তে দিও গতি॥ ধন্য ধরাধর হেলে ধরিলা ধরণী। ধ্বজবজ্রাংকুশ রাঙ্গা চরণ দুখানি॥ ধন্য তব গুণাগুণ বর্ণিতে কে পারে। ধরি গোবর্দ্ধন হরি হলে গিরিধারী॥ ধন্য তব কৃপা

নাথ ধন্য তব লীলা। ধনঞ্জয় পাণ্ডবের সারথি হইলা।। ধূম্রকেতু নাম হরে তুমি ব্রহ্মধর্ম্ম। ধরাধর গঙ্গাধর জানে তব মর্ম্ম।। ধর্ম্মরক্ষা কর্ত্তা ধাতা ধরণীর পতি। ধরণী লুণ্ঠিয়া করি অসংখ্য প্রণতি।। ধ্রুব-তাতাধিপতি শ্রীমান্ ধনুর্দ্ধর। নরাধমে কর কৃপা দেখিয়া পামর।। নমঃ নমঃ নরোত্তম শ্রীনন্দকুমার। নবীননীরদ অঙ্গ রূপ মনোহর। নম নম নরহরি নৃসিংহবামন। নন্দাত্মজ নিত্যানন্দ নিত্য নারায়ণ।। পরেশ পরমানন্দ পরম ঈশ্বর। পুতনার প্রাণ পান কৈলা বিশ্বম্ভর।। প্রলম্ব বধিলা হেলে হলধর রূপে। রামকৃষ্ণ এক আত্মা একইস্থ রূপে।। পরমাত্মা পরং ব্রহ্ম পতিতপাবন। পূর্ণব্রহ্ম সনাতন শ্রীনন্দনন্দন।। ফুল্লেন্দী জিনিয়া রূপ প্রফুল্ল নয়ন। স্ফূর্ত্তি কর দিও তব প্রেমভক্ত ধন।। ফল বিক্রয়িণী জন্ম করিলা সফল। মাতৃ সম্বোধিয়া প্রভু খাইলে তার ফল।। ফণী শিরে পাদপদ্ম দিলা ভগবান্। ফিরে চাও দাস প্রতি ফিরিয়া নয়ন।।

বনমালী বংশিধারী ব্রজের দুর্লভ। বিনোদ নাগর ব্রজবাসির বল্লভ।। বৃন্দাবনচন্দ্র হরি ব্রজেন্দ্র নন্দন। বিশ্বরূপ বিশ্বময় শ্রীবংশীবদন।। বলিরে ছলিলে প্রভু হইয়া বামন। বরাহ রূপেতে উর্ব্বী করিলা ধারণ।। বাসুদেব বিষ্ণু বসুদেবের কুমার। বিশ্বের ঈশ্বর হরি বিশ্বের আধার।। বিপিন বিহারী ব্রজে

কৈলা কত লীলা। বিনোদ নাগর গলে দোলে বন-মালা।। বিনোদ মুখারবিন্দে সুমধুর হাসি। বিনো-দিনী বলিয়া বাজাও মোহন বাঁশি। ভূমিধর ভবভয় ভঞ্জ ভগবান। ভার্গবের দর্প চূর্ণ কৈলা সমাধান।। ভূতাত্মা ভূপতি প্রভু ভুবনমোহন। ভক্তিদাতা ভবভয় করহ মোচন।। মাধব মথুরানাথ শ্রীমধুসূদন। মুনীন্দ্র বন্দিত পদ মদনমোহন।। মহাপ্রভু মহীপতি মুকুন্দ মুরারি। মঙ্গলের সুমঙ্গল মধুর মাধুরী।। মৎস্যরূপ ধরি হরি বেদ উদ্ধারিলে। সর্ব্বসৃষ্টি হেতু মধুকৈটভে বধিলে।। যাদবেন্দ্র ব্রজানন্দ যদুকুল চন্দ্র। যাদব যশোদা সুত মাধব মুকুন্দ।। যমল অর্জ্জুনে প্রভু করিলা নিস্তার। যমুনার বেগ প্রভু করিলা সংহার।। যজ্ঞেশ্বর যোগাতীত সর্ব্ব যোগ সার। যজ্ঞ সংকীর্ত্তনে নাম করিলা বিস্তার।। রাধিকা রমণ রাম রাধার জীবন। রেবতী রমণ রাম রোহিণীনন্দন।। রাধাকান্ত রাধানাথ রাধার নায়ক। রাধা প্রাণপতি হরি রাধার ভাবক।। শ্রীরাধাবল্লভ হরি শ্রীরাধা মাধব। রাধা সঙ্গে রাধানাথ সদা রাসোৎসব।। রঘুর নন্দন রাম রাজীবলোচন। রমাপতি রমানাথ রামনারায়ণ।। লক্ষ্মীকান্ত লোকনাথ লক্ষ্মী জনার্দ্দন। লক্ষ্মীনারায়ণ হরি অধম তারণ।। লীলাচলে নানা লীলা করিলা শ্রীহরি। লীলা তব অসম্ভব কি বর্ণিতে পারি।। শ্রীপতি শ্রীমতীপ্রাণ শ্যামল সুন্দর। শ্যাম নবজলধর রসিক শেখর।। সর্ব্বদেবেশ্বর হরি সর্ব্বভূতে বাস।

সীতালক্ষ্মীপতি গতি প্রভু শ্রীনিবাস ।। সচ্চিত আনন্দ-ময় সত্য সনাতন । শ্রীশ্যামসুন্দর সর্ব্ব কারণ কারণ ।। সুখময় সর্ব্বময় সর্ব্বজীব গতি । শঙ্খ চক্র গদাধর শারদার পতি ।। শিশুপাল রিপু সত্যবাদী সুরেশ্বর । শালগ্রাম সদানন্দ সর্ব্বদা কেশর ।। শরণাগতের নাথ অশরণ বন্ধু । সকল গুণের ধাম করুণার সিন্ধু ।। হরেকৃষ্ণ হরেরাম হংস হলধর । হনু মন্ত্রে কৃপাবন্ত শ্রীহরি ঈশ্বর ।। হিরণ্য কশিপু রিপু হত বীর গতি । হরি হরি কৃপাকর কৃষ্ণপ্রাণপতি ।। ক্ষৌণীপতি ক্ষিতি গতি নিত্য কলেবর । ক্ষীরোদসাগরশায়ী প্রভু ক্ষেম-ঙ্কর ।। ক্ষম অপরাধ ক্ষেত্রনাথ ক্ষেতেশ্বর । এদাস বিনোদ কৃষ্ণদাসের কিঙ্কর ।।

শ্রীশ্রীগুরু গোবিন্দ শরণমঙ্গল ।

জয় জয় মহাপ্রভু জয় নিত্যানন্দ । জয়াদ্বৈতচন্দ্র জয় গৌর ভক্তবৃন্দ ।। জয় জয় রাধাকৃষ্ণ শ্রীকৃষ্ণ চৈতন্য । কলিভব নিস্তারিতে প্রভু অবতীর্ণ ।। ঘোর কলি অন্ধকার দেখি দয়াময় । রাধাকৃষ্ণ কোটিচন্দ্র একত্র উদয় ।। তাহাতে কিরণ জ্যোতি নিত্যাই সাক্ষাৎ । সর্ব্বত্র উদয় তাঁর নাহি দিক্‌পাত ।। অদ্বৈত চকোর পিএ রসাল অমৃত । ভক্তগণ সুশোভন অনন্ত নক্ষত্র ।। জয় জয় গুরু কৃষ্ণ অদ্বৈত বিগ্রহ । পদাম্বুজে দেহ ভক্তি করি অনুগ্রহ ।। শুক্লাব্জ জিনিয়া গুরু মূর্ত্তি

মনোহর। কমল নয়ন দুই দ্বিভুজ সুন্দর॥ ম্রহি পরম গুরু করহ ভাবনা। গুরুভক্তি হইলে সর্ব্ব পূরিবে কামনা॥ চিন্তা কর বারম্বার পরাপর গুরু। পরমিষ্ট গুরু চিন্ত বাঞ্ছাকল্পতরু॥ শ্রীগুরু হইতে প্রাপ্ত ইষ্ট মন্ত্র সার। অতএব গুরুপাদ চিন্ত বারম্বার। গুরুকৃষ্ণ এক আত্মা চিদানন্দময়। আত্মারাম গুণধাম পরম আশ্রয়॥ অন্তর্যামী চিন্তামণি অখিলের পতি। অনাদি ঈশ্বর প্রভু অগতির গতি॥ গোবিন্দ পরমানন্দ নিত্য নবোদিত। অনন্ত না পান অন্ত আদ্যন্ত রহিত॥ কেহ কহে জ্যোতির্ম্ময় পরম ঈশ্বর। জ্যোতি অভ্যন্তরে মূর্ত্তি শ্যামল সুন্দর॥ কখন দ্বিভুজ মূর্ত্তি বেত্র বংশী হাতে। চতুর্ভুজ হন কভু ভুভার নাশিতে॥ নারায়ণ জনার্দ্দন ব্রহ্ম সনাতন। অচ্যুত কেশব কৃষ্ণ কারণ কারণ॥ পরম ঈশ্বর প্রভু অখিলের পতি। পদ্মনাভ হৃষীকেশ অগতির গতি॥ গোবিন্দ মাধব হরি জগত মঙ্গল। দর্পহারী শ্রীমুরারি শ্রীভক্ত বৎসল॥ উপেন্দ্র মুকুন্দ হরি বিপদভঞ্জন। ভবভয় নিবারক শ্রীমধুসূদন॥ দীনবন্ধু কৃপাসিন্ধু জগতের পিতা। জগন্নাথ পতিনাথ বিবিধ বিধাতা॥ দামোদর গদাধর শ্রীবিষ্ণু শ্রীধর। করণ কারণ কর্ত্তা পরম ঈশ্বর॥ দেবেন্দ্র গোবিন্দ হরি পতিত পাবন। শ্রীপতি পুণ্ডরীকাক্ষ নৃসিংহ বামন॥ শ্রীনন্দনন্দন হরি বাঞ্ছাকল্পতরু। শ্রীরাধা মাধব কৃষ্ণ জগতের গুরু॥ বিনোদ নাগর অঙ্গে কাঞ্চন প্রতিমা। শ্রীরাধা সুধাংশু মুখী [illegible]

অনুপমা।। রাধা সৌদামিনী কিবা নবীনা কিশোরী। শ্যাম নবঘনে রাই স্থগিত বিজরী।। জয় জয় বলদেব রূপের নাগর। গোবিন্দ অগ্রজ রাম দয়ার সাগর।। রামকৃষ্ণ অভেদ আত্ম লীলার কারণ। দুই মূর্ত্তি হন লুক নিস্তার কারণ।। অপাপ গুণের নিধি প্রভু বল-রাম। বলদেব পাদপদ্মে অসংখ্য প্রণাম।। নীলাম্বর হলধর গোবিন্দ অগ্রজ। শিরে ধার্য্য করি তাঁর চরণ পঙ্কজ।। বাম শ্রুতিমূলে এক বিচিত্র কুণ্ডল। দক্ষিণ কর্ণেতে কোকনদ ঝলমল।। কৃষ্ণ প্রেমানন্দে মত্ত আঁখি ঢল ঢল। গলে হেমকটি শোভে অধর রাতুল।। বলরাম হইতে হয় অবতার নানা। কার সাধ্য অন-ন্তার করএ গণনা।। হলধর পদরেণু হৃদে করি আশ। চরণে ভকতি মাগে এ বিনোদ দাস।।

জয় জয় জগদীশ মৎস্য অবতার। মীনরূপ ধরি বেদ করিলা উদ্ধার।। মন্দর ধরিলে পৃষ্ঠে কূর্ম্মরূপ ধরি। অমৃত উদ্ভব তাহে করিলা শ্রীহরি।। ধরিয়া বরাহ রূপ প্রভু চক্রপাণি। পাতাল ভেদিয়া তোল দশনে মেদিনী।। নরহরি রূপ তব দিব্য অবতার। অসুর বধিয়া কৈলা দেবতা উদ্ধার। প্রহ্লাদে করিলা রক্ষা দেব গদাধর। নিজ ভক্ত লাগি শ্রম করিলা বিস্তর।। ধরিয়া বামন মূর্ত্তি প্রভু দামোদর। বলি ছলি ত্রৈলোক্য স্থাপিলা পুরন্দর।। ছলিতে আপনি তব বলির দ্বারেতে। নবীন চরণ দিলে বৃন্দার [illegible]।। জয় জয় রামচন্দ্র শ্রীরঘুনন্দন। রাবণ

বধিতে হরি লভিলা জনম ॥ ভরতশত্রুঘ্ন সহ লক্ষ্মণ সুন্দর। চারি অংশে জন্ম নিলা প্রভু যজ্ঞেশ্বর ॥ অপরূপ বাল্য লীলা কৈলা রঘুমণি। মুনি যজ্ঞ রক্ষা রাম করিলা আপনি ॥ অহল্যা মানবী কৈলা হইয়া প্রসন্ন। নাবিকের কাষ্ঠ নৌকা করিলা সুবর্ণ ॥ মিথিলা নগরে রামকরি আগমন। শিব গাণ্ডী রামচন্দ্র করিলা ভঞ্জন ॥ বিবাহ করিলা তথা চারি সহোদর। রাজরাজেশ্বর রাম অযোধ্যা নগর ॥ দূর্ব্বাদল শ্যাম বর্ণ নবঘন জিনি। কিবা শোভা রাম বামে সীতা সৌদামিনী ॥ সীতাসুত লব কুশ বন্দ কুতূহলে। রামচন্দ্র পরাভব দোঁহা ভক্তিবলে ॥ হনুমান ইষ্ট রাম রাজীব লোচন। পূর্ণব্রহ্ম রামচন্দ্র পতিত পাবন ॥ আকূতি হইতে জন্ম নিলা গদাধর। রুচির তনয় হইয়া যজ্ঞ কলেবর ॥ স্বায়ম্ভুব মন্বন্তরে দক্ষিণা বনিতা। হরি অবতার হৈলা সর্ব্বদেব পিতা ॥ কর্দ্দম তনয় হইলা কপিল মুরতি। তাহা হইতে তত্ত্বজ্ঞান পাইলা দেবহূতি ॥ দত্তাত্রেয় অবতার অত্রির তনয়। যোগধর্ম্ম জগতে প্রকাশ মহাশয় ॥ সনক সনাতন আর সনন্দ কুমার। সনাতন নামে চারি মুনি অবতার ॥ সুমতি উদরে হইলে ধর্ম্মের নন্দন। পরম দয়াল হরি নর নারায়ণ। বেদ ব্যাস রূপে প্রভু হইলে অবতার। ভাগবত গ্রন্থ আদি করিলা বিস্তার ॥ বসুদেব অনিরুদ্ধ প্রভু সঙ্কর্ষণ। শ্রীপ্রদ্যুম্ন চতুর্ব্যূহ রূপ নারায়ণ ॥ আদি রাজা হৈলা প্রভু পৃথু অবতার। ধনু যার

দিয়া কৈলা পৃথিবী সুসার ।। বিশ্বমুরতি হৈলা নাভির তনয়। লোকের হিতার্থে নিজ দাও পদাশ্রয় ।। হয়-গ্রীব রূপ হইলা নাসিকার ধারে। কহিলে সকল বেদ আপনি ব্রহ্মারে ।। ধরিয়া মোহিনী রূপ জগত মঙ্গল ।। অসুরে বধিয়া কৈলা দেবের কুশল ।। হরিরূপ অবতার হইলা নারায়ণ। চক্র লয়ে কাটি কৈলা গজেন্দ্র মোক্ষণ ।। ধন্বন্তরি রূপ হরি অমৃত মথনে। যার নামে সর্ব্বরোগ হয় বিমোচনে ।। ভৃগুপতি রামরূপ মুনির কুমার। নিক্ষত্রি করিলা ক্ষিতি তিন সাতবার ।। বৌদ্ধ অবতার গুণ কে কহিতে পারে। অহিংসা পরম ধর্ম্ম শিক্ষাইলে নরে ।। কল্কী অবতারে হরি ম্লেচ্ছ বধিবে। ধূমকেতু নাম তব জগতে রটিবে ।।

নম নম সদাশিব শঙ্কর ঈশ্বর। রজত পর্ব্বত জিনি রূপ মনোহর ।। সর্ব্ব জীবে অবস্থিতি জগতের গুরু। পঞ্চানন ত্রিলোচন বাঞ্ছাকল্পতরু ।। মৃত্যুঞ্জয় দয়াময় অভীষ্টদায়ক। দীননাথ বৈদ্যনাথ কামনা পূরক ।। বাম অঙ্গে আনন্দে শোভে শক্তি কাত্যায়নী। বালার্ক জিনিয়া রূপ অম্বুজবদনী ।। কিবা সে মায়ের রূপ হিমাংশু বরণী। সুপ্রসন্না সুলোচনা ঈষদ হাসিনী ।। হাসির হিল্লোলে গৌরী আপনি দোলয়। হাসিতে বিজরী কত খসিয়া পড়য়। শ্রীশ্রীদুর্গা জয়দুর্গা দুর্গতি নাশিনী। ব্রজে কাত্যায়নী কৃষ্ণ লীলা সহায়িনী ।। অন্নদা জ্ঞানদা কৃষ্ণ ভক্তি প্রদায়িনী অপর্ণা পার্ব্বতী

তারা ব্রহ্ম সনাতনী ॥ শ্রীদুর্গের বামকুলে দেবগণ পতি। শংখচক্র গদাপদ্ম মোহন মূরতি ॥ বিঘ্ন বিনাশক প্রভু সর্ব্ব সিদ্ধি দাতা। সুরাসুর দেবপূজ্য বিধির বিধাতা ॥ বন্দ হরি প্রিয়া মাতা লক্ষ্মী ঠাকুরাণী। অচলা কমলা সর্ব্ব সম্পদ দায়িনী ॥ শ্রীকৃষ্ণ সেবার মাতা আপনি অধ্যক্ষী। সেইজন ধন্য যারে কৃপাকর লক্ষ্মী ॥ নমামি সারদা মাতা দেবী সরস্বতী। অন্তিম কালেতে হয় হরি নাম স্মৃতি ॥ রাসেশ্বরী ক্ষেমঙ্করী বীণানিনাদিনী। হরি প্রিয়া বুদ্ধিপ্রদা বিদ্যা বিনোদিনী ॥ নম নম গঙ্গাদেবী ত্রৈলোক্য তারিণী। ভগবতী ভাগীরথী স্বর্গে মন্দাকিনী ॥ শাক্ত শৈব গাণপত্য বিষ্ণু উপাসক। সভাকার গঙ্গামাতা অভীষ্ট দায়ক ॥ সর্ব্ব তীর্থ ময়ী গঙ্গা ত্রৈলোক্য তারিণী। শঙ্কর মৌলিনি গঙ্গে পতিত পাবনি ॥ পতিত পাবনি গঙ্গে নিবেদিয়ে পদে। অন্তকালে দিও স্থল চরণ পঙ্কজে। জয় জয় ব্রজরাজ নন্দ মহাশয়। জগতের পিতা কৃষ্ণ যাঁহার তনয় ॥ নন্দের ভাগ্যের কথা কহনে না যায়। যার বাধা রাধানাথ বহেন মাথায় ॥ সুনন্দ শ্রীউপনন্দ বন্দ সাবধান। পিতৃব্য বলিয়া হরি করেন আহ্বান ॥ জয় জয় ব্রজেশ্বরী মাতা যশোমতি। মা বলিয়া কোলে যান অখিলের পতি ॥ যশোদা বাৎসল্য ভাব কে পারে কহিতে। স্নেহ ভাবে বান্ধা জান যশোদার হাতে ॥ পর্জন্য গোপাল বন্দ শ্রীনন্দের পিতা।

সাত্যকি দারুক বন্দ সুমন্ত্র সারথি ॥ মথুরা নিবাসি শ্রীসুদাম মালাকার। কুবিন্দতন্ত্রবা পদে বহু নমস্কার ॥ মথুরা মণ্ডলে বন্দ কুব্জা সুন্দরী। ভক্তিভাবে বন্দ সদা মথুরা নগরী ॥ শ্রীকৃষ্ণ সুহৃদ সখা সুদাম ব্রাহ্মণ। যাহার চিপিট মুষ্টি কৃষ্ণ আস্বাদন ॥ অযামিল ধর্ম্ম শীল হরি পরায়ণ। পুত্র বলি ডাকি ছলে পাইলা নারায়ণ ॥ পাণ্ডু ধর্ম্ম রাজ বন্দ মন করি স্থির। যার পুত্র পুণ্যবন্ত ধর্ম্ম যুধিষ্ঠির ॥ অর্জুন নকুল ভীম সহদেব বর্ণ। কুন্তিসুত ছয়জন অতি মান্য ধন্য ॥ অভিমন্যু বন্দ সদা সুভদ্রা নন্দন। যার পুত্র বিষ্ণুরাত ভুবন পালন ॥ পরীক্ষিত মহাশয় মহা ভাগবত। তাঁহার পাদারবিন্দে বহু দণ্ডবৎ ॥ দ্রৌপদ বিরাট নল ভীষ্ম মহাশয়। জাহ্নবীনন্দন জিনি অতি দয়াময় ॥ বন্দিব কশ্যপ দশরথ বসুদেব। পিতা বলি সাদরে ডাকেন বাসুদেব ॥ অদিতি কৌশল্যা পৃশ্নী দেবকী সুন্দরী ॥ ঈশ্বরের মাতৃবর্গে দণ্ডবৎ করি ॥ কিম্বা অম্বিকা বন্দ কৃষ্ণ ধাত্রী মাতা। অনন্ত জননী দেবী রোহিণী সুমিত্রা ॥ জয় জয় শ্রীদাম সুদাম বসুদাম। সখা বর্গে পাদপদ্ম অসংখ্য প্রণাম ॥ স্তোক কৃষ্ণ ভদ্রসেন লবঙ্গ গোপাল। প্রিয় মর্ম্ম কৃষ্ণসখা যতেক রাখাল ॥ কিংকেল সুবল দাম শ্রীমধুমঙ্গল। মহাবাহু বীরবাহু [illegible] মহাবল ॥ অর্জুর গন্ধর্ব্ব বকথপ অংশুমান। সহ কৃষ্ণ সখাগণ অন্তে দিও স্থান ॥ নিজ গুরু প্রণালিকা করিব বর্ণন। যাহার স্মরণে হয় অভীষ্ট পুরণ ॥ শ্রীল

শ্রীসুন্দরানন্দ ঠাকুর সুন্দর। শ্রীপর্ণ গোপাল তস্য সখা প্রিয়তর॥ সাদরে বন্দিব শ্রীমত্যা মুক্তাবলি। তাঁর শিষ্যা ঠাকুরাণী শ্রীকিনু সুন্দরী॥ ঠাকুর শ্রীহলধর প্রভু মন্ত্রদাতা। ইহকাল পরকাল প্রভু যে রক্ষিতা॥ বন্দ বৃষভানু সহ কীর্ত্তিদা সুন্দরী। যাঁর সুতা কৃষ্ণপ্রিয়া রাধা রাসেশ্বরী॥ বিভানু সুভানু ভানু বৃষভানু ভ্রাতা। চন্দ্রাবলি বন্দ সদা বিভানু দুহিতা॥ কৃষ্ণের সুখের সুখী মনেতে উল্লাস। কলহান্তরিতা ভাব যাহাতে প্রকাশ॥ রাধাপ্রিয় সখী বন্দ ললিতা বিশাখা। সুচিত্রা চম্পকলতা সখী ইন্দু রেখা॥ তুঙ্গবিদ্যা রঙ্গদেবী সুদেবী সুন্দরী। সবাকার পদ রেণু বন্দি শিরোপরি॥ এই অষ্ট প্রিয় সখী অষ্ট অষ্ট সখী। রাধাকৃষ্ণ বিলাসের সদা অনুরাগী॥ চৌষট্টি সখীর নাম প্রত্যেক লিখিতে। বাহুল্য হইবে গ্রন্থ বর্ণন করিতে॥ অতএব নিবেদন পদে সবাকার॥ অপরাধ দোষাদোষ ক্ষমহ আমার॥ কুন্তী দময়ন্তী মাদ্রী দ্রৌপদী সুন্দরী। গান্ধারী শ্রীধৃতরাষ্ট্র নমস্কার করি॥ হৃদিমধ্য চিন্তা কর বৃন্দাবন ধাম। যথা নিত্য লীলাকারী কৃষ্ণবলরাম॥ গোবিন্দাঙ্ঘ্রি রজস্পর্শে ধন্য বৃন্দাবন। শ্যামকুণ্ড রাধাকুণ্ড গিরিগোর্দ্ধন॥ জয় জয় রাসস্থলী নিকুঞ্জসমাজ। রাধা সহ কৃষ্ণচন্দ্র সর্ব্বদা বিরাজ॥ নিধুবন মধুবন ভদ্র ভাণ্ডীবন। খদির শ্রীবনচিন্ত বহুলকানন॥ লোহবন তালবন মহাবন নাম। কাম্যবন নন্দবন ধন্য নন্দ-

গ্রাম ।। বৃষভানু পুর চিন্ত জাবট নিকট। বলভদ্রকুণ্ড নন্দীশ্বর বংশীবট ।। নিকুঞ্জকুটীর চিন্ত অতি মনোহর। গোষ্ঠস্থল দানঘাট মানসরোবর ।। গোলোক গোকুল-চন্দ্র শ্রীগোবিন্দধাম। যথা বিরাজিত নিত্য কৃষ্ণবল-রাম ।। কদম্ব খদিরঘাট আর গোষ্ঠস্থলী। গোষ্ঠানন্দে বিরাজেন কৃষ্ণবনমালী ।। এবে কিছু লিখি তীর্থধাম বিবরণ। শ্রবণে হইবে সর্ব্ব তীর্থ পর্য্যটন ।। বৈকুণ্ঠ মথুরাপুরী শ্রীঅযোধ্যা ধাম। গোলোক দ্বারিকাচন্দ্র কৃষ্ণলীলা স্থান ।। গর্ব্বদ সাগর চিন্ত ক্ষীরোদসাগর। প্রভাস নৈমিষারণ্য অতি মনোহর ।। হরিদ্বার নীলা-চল জগন্নাথ পুরী। যথা বিরাজিত জগদীশ বলহরি ।। বদরিকাশ্রম চিন্ত প্রয়াগ গোমুখী। ত্রিবেণী অক্ষয়বট সরযূ গণ্ডকী ।। শ্রীগঙ্গাসাগর চিন্ত কুরুক্ষেত্র তীর্থ। গোদাবরী বৈতরণী সিন্ধুভিণ্ড ক্ষেত্র ।। মন্দাকিনী ভোগবতী গঙ্গা ভাগীরথী। অবন্তি রোহিণীকুণ্ড রেবাসরস্বতী ।। গোদাবরী কাবেরী নর্ম্মদা গিরি-নার। গুরুদত্তাত্রেয় যথা করেন বিহার। কৈলাসশিখর চিন্ত বারাণসী ধাম। কাশীক্ষেত্র ক্ষিতিমাত্র সিদ্ধ মনস্কাম ।। দুর্গা হৃদি পৃষ্ঠমধ্য শিব বৈদ্যনাথ। বক্রে-শ্বর শ্বেতগঙ্গা যথা বক্রনাথ ।। অন্নপূর্ণা সঙ্গে বিরা-জিত বিশ্বেশ্বর। গয়াক্ষেত্রে বিরাজেন প্রভু গদাধর ।। চিত্রকূট চিন্ত আর কুমারিকা স্থল। কাবেরী বালুয়া কুণ্ড আর বিন্ধ্যাচল ।। সর্ব্বতীর্থময় হয় গোবিন্দ চরণ। অতএব হরিপদ করহ চিন্তন ।। শ্রীহরি স্মরণ মাত্র

যত পাপ হরে। মহান পাতকী পাপ করিতে না পারে॥ অষ্টাদশ পুরাণাদি করহ স্মরণ। অসংখ্য পুরাণ তাহা কে করে গণন। মৎস্য কূর্ম্ম অগ্নি বায়ু বরাহ বামন। ব্রহ্মাণ্ড গরুড় লিঙ্গ শৈব রামায়ণ॥ বৈষ্ণব নারদ চিন্ত ভবিষ্যৎ কাণ্ড। শ্রীপদ্মপুরাণ ব্রহ্মবৈবর্ত্ত মার্কণ্ড॥ শ্রীজগন্নাথ মাহাত্ম্য শ্রীউৎকল খণ্ড। সদাশিব তত্ত্বচিন্ত সদা কাশীখণ্ড॥ শ্রীমদ্ভাগবত গ্রন্থ পুরাণ প্রধান। শ্রীকৃষ্ণ চরিত্র কৃষ্ণ ভক্তের আখ্যান॥ ঋক যজু সামাথর্ব্ব বেদ পরিমাণ। সর্ব্ব বেদ মূলাধার গোবিন্দের নাম॥ ধর্ম্মদাস সুত দুষ্ট বিনোদ অকিঞ্চন। গোবিন্দ পরমানন্দ চিন্তা কর মন॥

শ্রীকৃষ্ণের নাম মাহাত্ম্য।

জয় জয় গৌরচন্দ্র জয় নিত্যানন্দ। জয়াদ্বৈত চন্দ্র জয় গৌরভক্ত বৃন্দ॥ জয় দিয়া বন্দিব শ্রীরাধা দামোদর। জয় জয় শ্রীগোবিন্দ শ্রীকৃষ্ণ শ্রীধর॥ জয় জয় রামকৃষ্ণ ব্রজেন্দ্র কুমার। দয়া কর রামকৃষ্ণ ভরসা তোমার॥ তদনন্তর লিখি প্রভুর নামের মহিমা। নামের মহিমা বেদে দিতে নারে সীমা॥ চতুর্ব্বক্ত্র পঞ্চবক্ত্র আপনি অনন্ত। দেবগণ মুনিগণ নাহি পান অন্ত॥ সারদা লিখেন যদি চিরকালাবধি। নামের মহিমা গুণ না পান অবধি॥ ধিকরে বিনোদ তোর মনের বাসনা। পাগলের মত নানা কু-

রহ কামনা ।। পঙ্গু যেন ইচ্ছাকরে সুমেরু লঙ্ঘিতে। পিপীলিকা সাধ করে সমুদ্র শুষিতে ।। তেমতি তোমার সাধ আপন অন্তরে। যেমন বামন চাহে বিধু ধরিবারে ।। জগত জনক কৃষ্ণ জগত পালক। বাঞ্ছাকল্পতরু হরি কামনা পুরক ।। সাধু শাস্ত্রে শুনিয়াছি নাম সুধাসিন্ধু। কিঞ্চিৎ লিখিয়ে তার কণা এক বিন্দু ।। আমি মূর্খ নরাধম বর্ণিতে কি পারি। সাধ করিয়াছি বাঞ্ছা পুরাবেন হরি ।। আমার বর্ণনা হয় নিতান্ত অগ্রাহ্য। শ্রীকৃষ্ণের নাম আছে মধুর মাধুর্য্য ।। নীর ক্ষীর এক যোগে করয়ে স্থাপন। নীর তেজি হংস ক্ষীর করয়ে গ্রহণ ।। ইথে গ্রাহ্য করিবেন গুণগ্রাহি সাধু। মধুকর পুষ্পতেজি লন পুষ্পমধু ।। অতএব সাধুপদে করি নিবেদন। শোধন পূর্ব্বক গ্রন্থ করহ পূরণ ।। আমার রচনা দোষ যোড় করি হাত। দোষ প্রাপ্তে মোর মাথে কর পদাঘাত ।। শ্রীকৃষ্ণের নাম ব্রহ্ম সর্ব্ব মূলাধার। সর্ব্ব শক্তি দীন নামে করিয়া সঞ্চার ।। সত্য ত্রেতা দ্বাপরেতে হোম যজ্ঞ দান। কলিযুগে সর্ব্বসিদ্ধ লইলে কৃষ্ণ নাম ।। পূজা সন্ধ্যা যাগ যজ্ঞ আছয়ে নিয়ম। নাস্তি কালাকাল নাম করিতে স্মরণ ।। গোবিন্দের নাম গতি কলিতে কেবল। হরে নাম হরে নাম ভুবন মঙ্গল ।। হরে কৃষ্ণ হরে কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ হরে হরে। হরে রাম হরে রাম রাম রাম হরে হরে ।। নাম ভিন্ন হোম যাগ মিছা উৎপাত। ব্যর্থ পরিশ্রম মাত্র ওষ্ঠেতে আঘাত ।।

সদা হরে কৃষ্ণ রাম করহ ভজন। ভজিলে পাই ব ব্রজে ব্রজেন্দ্র নন্দন ॥ অচিন্ত নামের শক্তি কে কহিতে পারে। আগম নিগম বেদে বন্দিবারে নারে ॥ সুমেরু সমান করে সুবর্ণ প্রদান। প্রয়াগে মকরে করে ত্রিবেণীতে স্নান ॥ ধেনু বৎস শতকোটি করে সম্প্রদান। তথাপি না হয় তুল্য নামের সমান ॥ সর্ব্ব তীর্থ মূলাধার গোবিন্দ আখ্যান। অতএব সদা ভজ গোবিন্দের নাম ॥ মধুর হইতে নাম বড় সুমধুর। মঙ্গলের সুমঙ্গল মঙ্গল প্রচুর। হেলায় শ্রদ্ধায় যদি কৃষ্ণ নাম লয়। লবামাত্র কৃষ্ণ নাম সর্ব্বপাপ ক্ষয় ॥ কেবল পাপেতে মুক্তি জানহ নিশ্চয়। কৃষ্ণদাস হয়ে কুল পবিত্র করয় ॥ অপার সংসার নামে হেলে পার হয় সমূল সহিত পাপ সর্ব্ব ব্যাধি ক্ষয় ॥ বিপদ বিনাশে শেষে কৃষ্ণ ভক্তি পায়। রোগ শোক পাপ তাপ দূরেতে পলায় ॥ তুলা রাশি পোড়ে যৈছে পরশে অনল। তৈছে পাপ পুড়ি দেহ হয় সুনির্ম্মল ॥ শরতে শিশিরে করে সুনির্ম্মল নীর। তেমতি করয়ে নামে নির্ম্মল শরীর ॥ এক কৃষ্ণনাম লইলে যত পাপে মুক্ত। তত পাপ মহাপাপী করিতে অশক্ত ॥ কৃষ্ণেতি মঙ্গল নাম যে করে স্মরণ। বহু কোটি পাপে মুক্ত হয় সেই জন ॥ বজ্রাঘাতে ভগ্ন চূর্ণ যেন হয় গিরি। মহাপাপ তাপে মুক্ত হরিনাম স্মরি ॥ কোন তুচ্ছ পাপ রোগ মহা রাশি রাশি। নাম লইলে ঘুচে তার নরক চৌরাশি ॥ হেলা করি নাম নিলে

বহু পাপ হরে। শ্রদ্ধায় লইলে গুণ কে কহিতে পারে॥ সূর্য্যোদয় দেখ যেন অন্ধকার নাশে। শ্রীকৃষ্ণ কীর্ত্তনে পাপ তিমির বিনাশে॥ বিপরীত বীজ যদি ক্ষেত্র মধ্যে পড়ে। অবশ্য বীজের ধর্ম্ম অঙ্কুর সঞ্চারে॥ তেমতি জানিহ ভাই নামের মাহাত্ম্য। ছলে হেলে নাম নিলে করয় পবিত্র॥ পতিত স্খলিতে যদি কৃষ্ণ নাম লয়। লবামাত্র কৃষ্ণ নাম সর্ব্ব পাপ ক্ষয়॥ নাম চিন্তামণি কৃষ্ণ অভিন্ন বিগ্রহ। নাম নিলে শ্রীকৃষ্ণের হয় অনুগ্রহ॥ সামান্য লোকেরে কেহ দেয় পরিশ্রম। অবশ্য তাহারে দেন শ্রমের বেতন॥ অলস তেজিয়া কর শ্রীকৃষ্ণ কীর্ত্তন। অবশ্য করিবেন দয়া শ্রীনন্দ নন্দন॥ কৃষ্ণ নাম ভক্তি ভিন্ন সমস্ত বিফল। লবণ বিহীন যেন ব্যঞ্জন সকল॥ ত্রিঅক্ষর পরম ব্রহ্ম গোবিন্দের নাম। লবামাত্র সিদ্ধ হয় সর্ব্ব মনস্কাম॥ অনন্য ভক্তিতে নাম লয় ভক্তধীর। তবে ভক্তি বলে ক্ষিতি সদা রহে স্থির॥ মন্ত্র তন্ত্র সিদ্ধ দোষ অবিধি বিধানে। সকল নিশ্ছিদ্র হয় নাম সঙ্কীর্ত্তনে॥ আকাশের স্তম্ভ সেই এই ভব মাঝে। অনেক প্রণতি তার চরণ পঙ্কজে॥ ভক্তিভাবে যেবা করে নাম গুণ গান। প্রেমভক্তি প্রাপ্ত হয় অন্তে কৃষ্ণ পান॥ গোবিন্দের নাম ধ্যান যে করয়ে সার। বংশ কোটি নিজকুল করয়ে উদ্ধার॥ পিতৃ লোক নৃত্য করে পাইয়া আনন্দ। রামকৃষ্ণ বলিয়াছে প্রেমে পুলকাঙ্গ॥ প্রভু হতে শ্রেষ্ঠ কৃষ্ণ নামের মাহাত্ম্য।

পঞ্চবক্তে সদাশিব জানেন মাহাত্ম্য॥ আপনে ভাঙ্গিলা প্রভু শিব গাণ্ডি বাণ। ভবভয় ভঞ্জে ভক্ত নিয়া কৃষ্ণ নাম॥ অর্জ্জুন সুগ্রীব হরি বিভীষণ সখা। নাম দীনবন্ধু কত নাহি তার লেখা॥ সত্যভামা ব্রতে কৃষ্ণে তুলনা করিতে। নানা রত্ন যত্ন করি ধরিলা তুলাতে॥ এক দিগে নাম রাখে অন্য দিগে হরি। উঠিলেন বিশ্বম্ভর নাম হৈল ভারি॥ স্বয়ং ভগবান সিন্ধু করিলা বন্ধন। ভবসিন্ধু শুষে ভক্ত করিয়া স্মরণ॥ প্রভু নিজে করিলেন অহল্যা উদ্ধার। নামেতে অনন্ত কোটি পাপির নিস্তার। শান্তিমুনিপুত্র ছিল যমের সদনে। যমের নিকট হৈতে আনিলা আপনে॥ নাম লয়ে বহুভক্ত শমন জিনিল। নাম শব্দ শুনি যম দূরে পলাইল॥ তাহার দৃষ্টান্ত অযামিল উপাখ্যান। পুত্রভাবে নাম নিয়ে পাইল পরিত্রাণ॥ উলটিয়া নাম করে মরা মরা ধ্বনি। বাল্মীকি মরা জপি হইল মহামুনি॥ ষাটি হাজার বৎসর পরে রাম অবতার। নাম বলে গ্রন্থ পূর্ব্বে করিলা প্রচার॥ নাম লাগি যোগী সদাশিব পঞ্চানন। অনন্ত জপিতে নাম অনন্ত বদন॥ বিরিঞ্চি নারদ শুক ঊর্দ্ধরেতা গণ। সারদা গণেশ নারে করিতে বর্ণন॥ নামের মহিমা গুণ কহিতে অপার। নাম লাগি শ্রীকৃষ্ণ চৈতন্য অবতার॥ জগতের প্রিয় হরি কহে সাধুজনে। শ্রীকৃষ্ণ নামের প্রি[illegible]পুরাণে বাখানে॥ ধন্যধন্য মহাধন্য ধন্য পুণ্যবান। যাহার বদনে নটে শ্রীকৃষ্ণের নাম॥ সে

মুখের মুখে ভস্ম শ্রীকৃষ্ণ বিস্ময়ে। বলিহারি সেই মুখ কৃষ্ণনাম স্মরে॥ হেলে ছলে কৃষ্ণ বলে পুলকাঙ্গ তনু। শিরেধার্য্য করি তা সবার পদরেণু॥ ভজ কৃষ্ণ বল কৃষ্ণ কৃষ্ণ বল মন। আদি অন্ত রাখিবেন শ্রীনন্দনন্দন॥ নবম ঘরের নাম লেখহ দৃষ্টান্ত। আদি অন্ত নহে ছাড়া নবমের অঙ্ক॥ আকাশের স্তম্ভ সেই এই ভব মাঝে। অনেক প্রণতি তার চরণ পঙ্কজে॥ কৃষ্ণ কৃষ্ণ কৃষ্ণ বলে হইয়া আবেশ। অবশ্য শ্রীকৃষ্ণকর্ণে হইবেন প্রবেশ॥ বধির নহেন প্রভু শুনিবেন কর্ণে। ইহাতে বিস্মৃত জিহ্বা থাকহ কি জন্যে॥ গোবিন্দ ভজনা কর ঘুচিবে জঞ্জাল। নিশ্চিন্ত নহেন প্রভু পরম দয়াল॥ অতএব কৃষ্ণ রূপ হৃদে কর ধ্যান। ইহকাল পরকাল হইবে কল্যাণ॥ আয়রে কৃষ্ণের নাম পতিতের ধন। থাকিতে বদন কেন নরকে পতন॥ শ্রবণ নয়ন মন হরে সুমধুর। সর্ব্বেন্দ্রিয় তৃপ্ত হবে মঙ্গল প্রচুর॥ পরম দয়াদ্র হরি করুণা নিধান। এ দাস বিনোদে পদে অন্তে দিও স্থান॥ নিতান্ত কিঙ্কর তব দুরন্ত পাপিষ্ঠ। নিজগুণে দয়া কর প্রভু রামকৃষ্ণ॥ অগবন্ধ বন্ধু হরি পতিতপাবন। কলঙ্ক রেখনা নামে শ্রীনন্দনন্দন॥

শ্রীশ্রীসদাশিবের রূপ বর্ণন।

জয় জয় হরি আত্মা শঙ্কর ঈশ্বর। রজত পর্ব্বত জিনি রূপ মনোহর॥ সর্ব্ব জীবে অবস্থিতি জগতের

রূপ। পঞ্চানন ত্রিলোচন বাঞ্ছা কল্পতরু ॥ জয় জয় সদাশিব অনাদি পুরুষ। কৃপাসিন্ধু দীনবন্ধু শিব আশুতোষ ॥ শিরে জটা মন্দাকিনী করে কল কল। গঙ্গাধর শশিধর জগত মঙ্গল ॥ শিতিকণ্ঠ নীলকণ্ঠ রুদ্রাক্ষ গলায়। ভুবন মোহিত হয় রূপের ছটায় ॥ পরিধান বাঘাম্বর নাগ যজ্ঞসূত্র। রাম রাম জপে শিব সদাই উন্মত্ত ॥ মৃত্যুঞ্জয় দয়াময় অভীষ্ট দায়ক। দীননাথ বৈদ্যনাথ কামনা পূরক ॥ শিবের মহিমা গুণ কহিতে অসাধ্য। সদানন্দ মহানন্দ করে গাল বাদ্য ॥

শ্রীশ্রীদুর্গার রূপ বর্ণন।

কামাক্ষী আনন্দময়ী শক্তি সঞ্চারিণী। বালার্ক জিনিয়া রূপ অম্বুজ বরণী ॥ কিবা সে মায়ের রূপ হেমাব্জ বদনী। সুপ্রসন্না সুলোচনা ঈষদ হাসিনী ॥ হাসিতে বিজরি কত খসিয়া পড়য়। হাসির হিল্লোলে উমা আপনি দোলয় ॥ নবীনা প্রবীণা বামা ভূষণে ভূষিতা। বিচিত্র অম্বর অঙ্গে ভুবন মোহিতা ॥ ললাটে সিন্দূর বিন্দু চন্দনের বিন্দু। কিবা শোভা মনোলোভা জিনি কোটিইন্দু ॥ সুকুমারী বিম্বাধরী গজেন্দ্রগামিনী। দশভুজা সমান এ মাতা কাত্যায়নী ॥ সুনাসা অগ্রেতে কিবা দোলে গজমতি। শ্রবণে সুবর্ণ চৌঁড়ি সুশোভন অতি ॥ সুনাভি গভীর কিবা ত্রিবে-

ণীর শ্রেণী। ত্রিপথ গামিনী জৈছে গঙ্গা মন্দাকিনী ॥ রাতুল চরণদ্বয় অতি সুকোমল। নখের ছটায় চন্দ্র সতত উজ্জ্বল ॥ চরণ পঙ্কজে গুঞ্জে ভক্ত মধুকর। ঝঙ্কার করয়ে সুখে ভ্রমরী ভ্রমর ॥ রূপের লাবণ্য গুণ কে কহিতে পারে। রূপ হেরি ত্রিপুরারি আপনা পাসরে ॥ ত্রিগুণ ধারিণী দেবী মাতা কাত্যায়নী। জগত জননী বিষ্ণু ভক্তি প্রদায়িনী ॥ ঈশ্বরী কমলা লক্ষ্মী ভবানী তারিণী। বিশ্বরূপা দুর্গা কৃষ্ণ সহায়িনী ॥ হেন দুর্গানাম স্বীয় যে করে স্মরণ। সন্তোষ কমলা সহ প্রভু নারায়ণ ॥ গণেশ মহেশ শেষ দেন ধন্যবাদ। স্তুতি বাক্যে ব্রহ্মা যমে দেন আশীর্ব্বাদ ॥ শ্রীদুর্গার বামকোলে দেব গণপতি। শঙ্খ চক্র গদা পদ্ম সুন্দর মূরতি ॥ সর্ব্ব বিঘ্ন বিনাশক দেব গজানন। দুর্গতি নাশিনী দুর্গা অভয়া নন্দন ॥ সদানন্দ সুত নাথ বিধির বিধাতা। সেবক গণের ইষ্ট সর্ব্বসিদ্ধিদাতা ॥ লম্বোদর গজানন রূপের মাধুরী। এ বিনোদ দাস মাগে চরণ মাধুরী ॥

অথ লক্ষ্মীদেবীর রূপবর্ণন।

বন্দিব সাদরে দেবী লক্ষ্মী ঠাকুরাণী। অচলা কমলা সর্ব্ব সম্পদ দায়িনী ॥ তোমার কৃপায় নর ভুঞ্জে নানা সুখ। জীয়ন্তে মরণ তার যাহাকে বিমুখ ॥ শ্রীকৃষ্ণ সেবার লক্ষ্মী তুমি মা অধ্যক্ষা।

সেই জন ধন্য যারে কৃপাকর লক্ষ্মী ॥ ভাই বন্ধু পরিবার যতেক অমাত্য। তব কৃপা হৈলে সবে থাকে অনুরক্ত ॥ তবপতি জগন্নাথ পতিত পাবন। দীনবন্ধু কৃপাসিন্ধু অধম তারণ ॥ সিন্ধু তব পিতা মাতা বড় পুণ্যবান। জীবন দানেতে জীব করেন পালন ॥ সমুদ্রের নীর যদি কলসে তুলয়। তথাপি সমুদ্র জল অক্ষয় অব্যয় ॥ তেমতি তোমারে দয়া করিতে জুয়ায়। শরণ লয়েছি মাগো তুয়া রাঙ্গা পায় ॥ কমলা সরলা দেবী ধনদা মোক্ষদা। এ দাস বিনোদে দয়া রেখ মা সর্ব্বদা ॥

অথ সরস্বতী রূপবর্ণন।

নম নম নম মাতা দেবী সরস্বতী। গোবিন্দ বল্লভা হরিপ্রিয়া ভগবতী ॥ কুলের ঈশ্বরী দেবী শ্বেতাব্জ রূপিণী। অমল কমলদ্বয় চরণ দুখানি ॥ বাগীশ্বরী ক্ষেমঙ্করী ব্রহ্ম স্বরূপিণী। ত্রিভঙ্গ ভঙ্গিমা ঠাম বীণা নিনাদিনী ॥ বিদ্যাময়ী বুদ্ধিদাত্রী বিদ্যা বিনোদিনী। কর দয়া হরিপ্রিয়া শ্রীবাকবাদিনী ॥ তুমি কৃপা করি মাগো বসো যার তুণ্ডে। অনাআসে ভব ভয় সেই জন খণ্ডে ॥ ঈশ্বরের শক্তি সর্ব্ব কণ্ঠে অবস্থিতি। তুমি যাতে নাই সেই হয় শবাকৃতি ॥ এক দিন শ্রীগোলোকে গোলোকের চন্দ্র। তব গান বাদ্যে প্রভু পাইয়া আনন্দ ॥ ধন্য ধন্য তব যশ

গোলোকে উঠিল। কৃষ্ণ তুষ্ট হয়ে চূড়া তব মাথে দিল॥ হরিপ্রিয়া কণ্ঠে যার করহ বসতি। তব কৃপা হৈলে তার অন্তে হয় গতি॥ এ বিনোদ নিবেদয় তুয়া রাঙ্গাপায়। মৃত্যুকালে জিহ্বা যেন হরিগুণ গায়॥

শ্রীশ্রীগঙ্গামাতার বন্দনা।

ভস্মীভূতাঙ্গ সঙ্গেন স্বর্যাতাঃ সগরাত্মজাঃ।
কিংপুনঃ সাধকা দেবীং যে সেবন্তে ধৃতব্রতাঃ॥

নম নম গঙ্গাদেবী ত্রৈলোক্য তারিণী। রাধাকৃষ্ণ দ্রবোদ্ভবা ব্রহ্ম সনাতনী॥ ভীষ্মমাতা শৈলসুতা মহিমা অপার। জীব নিস্তারিতে অবনীতে অবতার॥ অন্ত না পাইয়া গুণ শিব শূলপাণি। শিরে ধরিলেন শিব স্বীয় ধন্যমানি॥ শাক্ত শৈব গাণপত্য বিষ্ণু উপাসক। সবাকার গঙ্গা দেবী অভীষ্ট দায়ক॥ হে পুণ্য বাহিনী গঙ্গে দেবি ভাগীরথী। পতিত পাবনি গঙ্গা অগতির গতি॥ বারেক করয়ে স্নান সলিলে তোমার। বহুকোটি কুল তার করগো উদ্ধার॥ অতুল গঙ্গার গুণ দিতে নাই সীমা। গঙ্গার তুলনা মাত্র গঙ্গার মহিমা॥ গঙ্গার স্মরণ মাত্র যত পাপ হরে। মহাপাপী হয়ে পাপ করিতে না পারে॥ অতএব গঙ্গা গঙ্গা বল নিরবধি। গঙ্গার স্মরণে হবে ইষ্টমন্ত্র সিদ্ধি॥ দেখ রাজা পরীক্ষিত

উত্তরা নন্দন। অন্তিমকালেতে গঙ্গা লইল শরণ॥ জয় জয় ভাগীরথী সর্ব্ব তীর্থময়ী। শঙ্কর মোহিনী দ্রবময়ী ব্রহ্মময়ী॥ তব জলকণাস্পর্শে রোগ পাপ ক্ষয়। ন কেবল পাপক্ষয় প্রেমভক্তি হয়॥ পতিত-পাবনী নাম শুনেছি পুরাণে। অন্তকালে দিও স্থল বিনোদ অধমে॥

হ হরির্নাম মহামন্ত্রো ভিন্নতা নাম নামিনোঃ।
রাধা দামোদরঃ কৃষ্ণ দেহি ভক্তি পদাম্বুজে॥ ১
রে রেখাপদতলে যস্য ধ্বজ বজ্রাঙ্কুশাদিভিঃ।
সশ্বেব কৃষ্ণ গোপাল দেহিভক্তি পদাম্বুজে॥ ২
মু মুরারে শ্রীধরঃ কৃষ্ণ মাধবো মধুসূদন।
দেবেন্দ্রপরমানন্দ দেহিভক্তি পদাম্বুজে॥ ৩
রা রাম নারায়ণানন্ত শ্রীপতিঃ পুরুষোত্তম।
মুকুন্দ সচ্চিদানন্দ দেহিভক্তি পদাম্বুজে॥ ৪
রে রেবতী রমণভ্রাতা শ্রীরাধা প্রাণবল্লভ।
নন্দনন্দন গোবিন্দ দেহিভক্তি পদাম্বুজে॥ ৫
ম মঙ্গলং রাধিকাকান্ত ভক্তিমঙ্গল দায়ক।
হে কৃষ্ণ করুণামূর্ত্তে দেহিভক্তি পদাম্বুজে॥ ৬
ধ্রু ধ্রুবং সত্যং নবংনিত্যং সর্ব্বাধার গুণাধিপ।
সর্ব্বেশ্বর চিদানন্দ দেহিভক্তি পদাম্বুজে॥ ৭
কৈ কৈবল্য ভক্তিদোদেব দাতারং প্রেমসম্পদঃ।
কেশবঃ কমলাকান্ত দেহিভক্তি পদাম্বুজে॥ ৮

ট টোপরং মণিরত্নঞ্চ ধারিণং বনমালিনম।
শ্রীকৃষ্ণ শ্রীপতেনাথ দেহিভক্তিপদাম্বুজে ॥ ৯
ভা ভাতিনীলমণীকান্তি গোবিন্দশ্যামসুন্দর।
গোপাঙ্গনামনোহারি দেহি ভক্তি পদাম্বুজে। ১০
রে রেবাসরস্বতীগঙ্গা যস্যপাদে সদাস্থিত।
দামোদর শ্রীধরস্তং দেহিভক্তিপদাম্বুজে ॥ ১১
গো গোপাল গোলোকনাথ শ্রীগোপীজনবল্লভ।
গোবিন্দগোকুলচন্দ্র দেহিভক্তিপদাম্বুজে ॥ ১২
পা পাতুমাং শ্রীজগন্নাথ দ্রৌপদীপ্রাণবল্লভ।
মুকুন্দপরমানন্দ দেহিভক্তিপদাম্বুজে ॥ ১৩
ল লক্ষ্মীকান্ত লোকনাথ লক্ষ্মীনারায়ণো হরি।
লক্ষ্মীজনার্দ্দনঃ কৃষ্ণ দেহিভক্তিপদাম্বুজে ॥ ১৪
গো গোবিন্দ গোকুলানন্দ গোপীনাংনয়নোৎপল।
গোপেশ গোপিকাকান্ত দেহিভক্তিপদাম্বুজে ॥ ১৫
বি বৃন্দাবনাধীশ ব্রজেশব্রজমোহন।
ব্রজাঙ্গনা মনোহারী দেহিভক্তিপদাম্বুজে। ১৬
ন্দ দগ্ধোহং পাপতাপেন তাপত্রয়নিবাশক।
আকুলেশ্রীজগন্নাথ দেহিভক্তিপদাম্বুজে ॥ ১৭
মু মুকুন্দং পরমানন্দং শ্রীপবোজগদীশ্বর।
উপেন্দ্রমাধবানন্দ দেহিভক্তিপদাম্বুজে ॥ ১৮
কু কুবুদ্ধি কুমতীহন্তা গতিদাতাগুণাকর।
প্রেমভক্তিপ্রদাতারং দেহিভক্তিপদাম্বুজে ॥ ১৯
ন্দ দয়াময় দীনবন্ধু সর্ব্বদুঃখ নির্বহণ।
ভবার্ণবে নিমগ্নোহহং দেহিভক্তিপদাম্বুজে ॥ ২০

সৌ সৌন্দর্য্য অতিমাধুর্য্য নাগরশ্যামসুন্দর।
অভয়চরণোপান্তে দেহিভক্তিপদাম্বুজে॥ ২১
রে রেণুঙ্ঘ্রি স্পর্শমাত্রেণ অহল্যা মানবীভবেৎ।
কৃপাময়কৃপাসিন্ধু দেহিভক্তিপদাম্বুজে॥ ২২
য যজ্ঞেশ্বর যজ্ঞশ্রেষ্ঠ যাদবোযদুনন্দন।
শ্রীগোবিন্দ যাদবেন্দ্র দেহিভক্তিপদাম্বুজে॥ ২৩
জ্ঞ জ্ঞাতোহং নাম গোবিন্দ দীনেশ দীনবৎসল।
প্রপন্ন শ্রীগতির্নাথ দেহিভক্তিপদাম্বুজে॥ ২৪
শ শমদমসদাশান্ত সর্ব্বজীব সমাশ্রয়।
বাঞ্ছাকল্পতরুঃ কৃষ্ণ দেহিভক্তিপদাম্বুজে॥ ২৫
না নারায়ণ পরংব্রহ্ম নারায়ণ পরাৎপর।
নারায়ণ ত্রাণকর্ত্তা দেহিভক্তিপদাম্বুজে॥ ২৬
রা রামরাম হরেরাম শ্রীরামরঘুনন্দন।
রাধিকারমণোরাম দেহিভক্তিপদাম্বুজে॥ ২৭
ম অক্ষরাণাং মকারত্বং সর্ব্ববর্ণসমাশ্রয়।
সর্ব্বেশ্বরো লোকনাথ দেহিভক্তিপদাম্বুজে॥ ২৮
ন নন্দনন্দন গোবিন্দ গোলোকনাথঈশ্বর।
পরমাত্মা আত্মারাম দেহিভক্তিপদাম্বুজে॥ ২৯
কৃষ্ণ কৃষ্ণ কৃপালুস্ত্বং অগতিস্ত্বং গতিপ্রদ।
প্রসীদ কৃষ্ণগোপাল দেহিভক্তিপদাম্বুজে॥ ৩০
বিষ্ণু বিষ্ণুব্রহ্মণ্য দেবায় বিষ্ণু সর্ব্বগুহাশয়।
ঈশ্বর শ্রীধরঃকৃষ্ণ দেহিভক্তিপদাম্বুজে॥ ৩০
নি নির্ব্বিকারং নরোনিত্য নৃসিংহো বামনো হরি।
নিত্য স্বরূপনিত্যস্ত্বং দেহিভক্তিপদাম্বুজে॥ ৩১

রা। রামনারায়ণঃ কৃষ্ণ পূর্ণব্রহ্মসনাতন।
হে হে নারায়ণো দেব দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩২

শ্র শ্রুতাশ্রুতগুণাতীতোধুনা পতিতপাবন।
অগতীনাং গতির্নাথ দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩৩

য় অচ্যুতং কেশবংবিষ্ণু হরিংসত্যং জনার্দ্দনং।
অনাথ নাথ গোবিন্দ দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩১

মা। মামুদ্ধরহ গোবিন্দ মাধবো মধুসূদন।
রাধাবল্লভ গোবিন্দ দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩২

ম মদন্য পাতকিশ্রেষ্ঠো নাস্তিকৃষ্ণ মহীতলে।
ত্বমেব জগতাংপাতা দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩৩

জ জগদীশ জগন্নাথ আখ্যাং পতিতপাবন।
কুরুমে করুণানাথ দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩৪

গ গতির্ভক্ত প্রভুঃসাক্ষী ত্বমেব শরণংপ্রভুঃ।
নিরালম্বে অবিলম্বে দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩৫

দী দীনবন্ধু ইতিখ্যাত সাক্ষী বিভু দয়াম্বুধি।
অযামিল ত্রাণকারী দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩৬

শ শব্দাতীত গুণাতীত বেদাতীত গুণার্ণব।
সর্ব্বেশ্বর চিদানন্দ দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩৭

রক্ষ রক্ষমাং পুণ্ডরীকাক্ষ ত্রাহিমাং মধুসূদন।
অনাশ্রয় অনাথেশ দেহিভক্তিপদাম্বুজে ॥ ৩৮

রক্ষ রক্ষ কল্পবৃক্ষ নন্দগোপবালক।
মাং বিলোক্য পঙ্কজাক্ষ সর্ব্বজীব পালক ॥
বংশীধারি হেমুরারি শক্রদর্পহারক।
মাম প্রসীদ নন্দসুত দেহিমে পদাম্বুজে ॥

ধ্যায়েম শিবদুর্গেতি উভয়ো ব্রহ্মরূপ কৌ।
রূপযৌবন সংপন্নৌ সর্ব্বালঙ্কর ভূষিতৌ ॥
অরুণ তরুণ জ্যোতি রাতুল শ্রীপদাম্বুজৌ।
বামাঙ্গ শঙ্করী পাতু দক্ষিণাঙ্গ সদাশিব।
হে শিব হে কৃপাধ্যক্ষ ইষ্টভক্তি প্রদায়ক ॥

শ্রীশ্রীদুর্গার ধ্যান।

তপ্তকাঞ্চন বর্ণাভা শশি কোটি নিভাননা।
বালার্ক বরণী দুর্গে সর্ব্বদা নব যৌবনা ॥
সর্ব্বাঙ্গ সুন্দরী দেবী নানালঙ্কার ভূষিতা।
সুচারু কবরীযুক্তা সাবেণী চুম্বিতা ধরা ॥
বহুরত্ন বিচিত্রাঙ্গী কিরীটোজ্জ্বল ধারিণী।
ললাটে সিন্দূরংবিন্দু কোটিইন্দু সমপ্রভা ॥
তত্রৈব চন্দনংবিন্দু শোভামুক্তাবলে রবি।
নলিনী নীলনেত্রাচ ত্রিনেত্রা শিবমোহিনী ॥
সুহাস্যবদনা গৌরী বিম্বাধর সুধামুখী।
দশবাহু সমাযুক্তা কঙ্কণং সাক্ষধারিণী ॥
সুভদ্রা বরদাহস্তা নীলপদ্ম বিধারিণী।
আরক্ত হস্তপাদৌচ প্রাক্তোত্থিত যথা রবি ॥
পাণিপাদ পল্লবাস্তে নখানি পূর্ণিমাশশী।
বক্ষেমণিময়োহার পীনোন্নত পয়োধরা ॥
কুঙ্কুমৈচন্দনৈর্যুক্তা পুষ্পমালা বিধারিণী।
কিঙ্কিনী নূপুর ঘণ্টাচ কঙ্কালে অস্তি শোভনা ॥

গভীরপদ্মনাভিশ্চ ত্রিবলী ত্রিবেণী যথা।
মণিমঞ্জীর পাদাভ্যাং রঞ্জিতা সুমনোহরা ॥
নন্দিনী নগেন্দ্র বামা মৃগেন্দ্র পরবাহিনী।
হরমনমোহিনী দুর্গে প্রসীদ শিবসংযুতা ॥

শ্রীসদাশিবের ধ্যান।

শুদ্ধ স্ফটিক সঙ্কাশঃ কোটিচন্দ্র সমপ্রভঃ।
শুক্লশ্বেতাক্ত বর্ণাভ বলীয়ান বয়সান্বিতঃ ॥
দিব্যাঙ্গ শিবরূপেণ অলঙ্কার সুভূষিত।
জটাজূট ধরং দেবং ফণিছত্র বিধারকং ॥
গঙ্গামন্দাকিনী দেবী রাজিতা সুজটাতটে।
অর্দ্ধচন্দ্র ত্রিপুণ্ড্রশ্রী সুভালেচ সুশোভন ॥
পঞ্চবক্ত্র শশীবক্ত্রা প্রতিবক্ত্রে ত্রিলোচন।
আরক্ত পদ্মনেত্রঞ্চ ধ্যাননেত্র বিশেষতঃ ॥
পঞ্চভির্বদনৈর্যুক্তঃ রামনামে সদামুদা।
আজানুলম্বিতো বাহু বরাভয় করংপরং ॥
ত্রিশূলং ডম্বুরংহস্তং শৃঙ্গনাদ সুযুক্তকং।
রাতুল শ্রীপদ দ্বন্দ্ব অরুণ তরুণ দ্যুতি ॥
পদ্মপাণি শূলপাণি পদ্মাক্ষ চন্দ্রশেখর।
বক্ষঃ পরিশব শ্চিন্ত চন্দ্রকান্তিকপাটিকাঃ ॥
নাগ যজ্ঞপবিত্রঞ্চ নাগালঙ্কার ভূষণং।
ক্বচিদ্দিগম্বরং দেবং ক্বচিদ্ব্যাঘ্রাজিনাম্বরং ॥
রুদ্রাক্ষ মালিনং দেব পদ্মলাভ স্থূলোদরঃ।
পাদয়োর্মণি মঞ্জীরং পাদাগ্র শারদঃশশী ॥

প্রিয়ম্বদ মনোহারি ত্রিপুরারি বৃষধ্বজ।
প্রসীদ শ্রীসদানন্দ উমাসহ উমাপতি ॥

শ্রীদুর্গার নামাবলি।

গণেশ জননী নৌমি শ্রীদুর্গা শিবমোহিনী।
শ্রীদুর্গা পরমারাধ্যা বিশ্বাদ্যা ব্রহ্মরূপিণী ॥
দুর্গেতি ভদ্রকালীতি বিজয়া বৈষ্ণবী তিচ।
মায়া নারায়ণী শ্যামা শারদা অম্বিকে তিচ ॥
অন্নপূর্ণে সদাপূর্ণে শঙ্কর প্রাণবল্লভা।
গায়ত্রী সতী সাবিত্রী সুগতিঃ সুমতি প্রদা।
যোগমায়া মহামায়া বিন্ধ্যাচল নিবাসিনী।
শিবানী শূলিনী শ্যামা পার্ব্বতী নগনন্দিনী ॥
রুদ্রাণী তারিণী বামা ভবানী ভব ভামিনী।
কালিকে অম্বিকে তারা চণ্ডিকা ভবতারিকা।
কামাখ্যা কুলদা কালী মাতঙ্গী গিরি বালিকা ॥
ঈশ্বরী শঙ্করী গোরী কৌমারী শিবসুন্দরী।
সর্ব্বেশ্বরী জগদ্ধাত্রী মঙ্গলা ত্রিপুরেশ্বরী ॥
কাত্যায়নী মহামায়ে নন্দগোপ অধীশ্বরী।
সিদ্ধেশ্বরী উমা বামা ঈশানী হরসুন্দরী ॥
নন্দজা গিরিজা আদ্যা কৃষ্ণলীলা সহায়নী।
ইষ্টদা জ্ঞানদা সাধ্যা মুক্তিদা বিশ্বপাবনী ॥
সর্ব্বমঙ্গল মঙ্গল্যে হরিভক্তি প্রদায়িনী।
জ্ঞানদা মোক্ষদা মাতা সত্যা নিত্যে সনাতনী ॥

গঙ্গাগীতা জগন্মাতা সর্ব্বেষাং ইষ্টদায়িকা।
পার্ব্বতী গতিদাত্রীচ ভারতী বুদ্ধিদায়িকা ॥
রামেশ্বরী জগন্মাতা ভক্তি মুক্তি প্রদায়িনী।
দুর্গতি নাশিনী দুর্গে প্রবীণা প্রকৃতিঃ পরা ॥
জরামৃত্যু বিহীনা ত্বং রোগ শোক বিমর্দ্দিনী।
ত্রিপুরা তারিণী তারা ত্রৈলোক্য লোক তারিণী ॥
বিজয়া অভয়া দেবী ভদ্রদা ভয়নাশিনী।
বিশ্বময়ী বিশ্বরূপা সর্ব্বাণী বিশ্বধারিণী ॥
কমলা সরলা বালা নির্ম্মলা মুক্তি দায়িনী।
মহালক্ষ্মী কৃপাধ্যক্ষী মৃগাক্ষী সিংহবাহিনী ॥
বৈষ্ণবী ভৈরবী ভব্যে মাধবী ভুবনেশ্বরী।
বেদমাতা বিশ্বমাতা বেদাঙ্গী বেদ বাদিনী ॥
হৈমবতী হাস্যমুখী গঙ্গাসত্তা হর প্রিয়া।
হে বিশ্ব জননী দেবী হৈমাচল নিবাসিনী ॥

শ্রীসদাশিবের নামাবলি।

বন্দে গণপতে স্তাত সদাশিব জগৎগুরু।
হরি হর অভেদাত্ম সুরপূজ্য সুরেশ্বর ॥
বিশ্বেশ্বর লোকনাথ বৈষ্ণব ব্রাহ্মণ প্রিয়।
অৰ্দ্ধনারী বেশ ধর মায়াতীত গুণাময় ॥
অন্নদাতা জ্ঞানদাতা শঙ্কর শঙ্করীপ্রিয়।
সর্ব্বাভীষ্ট প্রদাতারং বৈদ্যনাথ সদাশিব ॥
শিতিকণ্ঠ নীলকণ্ঠ কৈলাসাচল বাসিন।
শিবং শান্তং জগন্নাথং লোকানুগ্রহ কারকং ॥

শ্রীশ্রীরাধাকৃষ্ণের যুগল ধ্যান।

শ্রীগোবিন্দের ধ্যান।

ইন্দ্রনীলমণি শ্যাম সচ্চিদানন্দ বিগ্রহ।
শ্রীকৃষ্ণ পরমারাধ্য ত্রিভঙ্গ শ্যামসুন্দর।।
সর্ব্বাঙ্গ সুন্দরঃ কৃষ্ণ নানালঙ্কার ভূষিতং।
সুচারু বদনাম্ভোজং শিখণ্ডা বদ্ধ চূড়কং।।
সুভালে অলকা বিন্দু চন্দনেন্দু বিশেষকং।
নলিনী নীল নেত্রায় বঙ্কিমং চারু চঞ্চলং।।
বিম্বাধরং স্মের মুখং নাসাগ্রে গজমৌক্তিকং।
কৌস্তুভ ভূষণাঙ্গঞ্চ বৈজয়ন্তী বনমালিন।।
চম্পকোদ্ভাসিতং কর্ণং মকরাকৃতি কুণ্ডলং।
বলয়া করপদ্মেচ বেণুবদ্ধে করাঙ্গুলং।।
স্থগিত সৌদামিনী দাম দুকূল পীত উজ্জ্বলং।
সৌন্দর্য্য রূপমাধুর্য্য অলঙ্কারস্থ ভূষণং।।
চন্দনা চর্চ্চিতাঙ্গঞ্চ তুলসীদাম ভূষিত।
তরুণ তুলসীমাল্য বনমালা বিরাজিত।।
মণি মঞ্জীর পাদদ্বৌ নখানি শারদঃ শশী।
কোটি কন্দর্প লাবণ্য ব্রজাঙ্গনা মনোরমং।
গোবিন্দ দক্ষিণাঙ্গঞ্চ গোপেন্দ্র নন্দনন্দনং।
রাধিকা রাধিকা কান্ত ব্রজবাসিগণ প্রিয়।।

শ্রীমতী রাধিকার ধ্যান।

শুভ্রকাঞ্চন গৌরাঙ্গী চিদানন্দ স্বরূপিণী।
শ্রীরাধা পরমারাধ্যা কিশোরী ব্রজসুন্দরী।।

রামারত্না রত্নময়ী রত্নমালা বিধারিণী।
সুশ্রেণী কুন্তলা বেণী সাবেণী চুম্বিতাধরা॥
সিন্দূরবিন্দু ললাটে কস্তূরি বর চিত্রকং।
ইন্দীবর বিশালাক্ষী মৃগাক্ষী কমলাননী॥
নাসাগ্রে বিলসন্মুক্তা বিম্বাধর সুধামুখী।
বক্ষে মণিময়োহারঃ পীনোন্নত পয়োধরা॥
বৃষভানু সুতাকন্যা রত্নঢেঁড়ি সুশোভনা।
শঙ্খ কঙ্কণ ধরা রাধা নীলপদ্ম বিধারিণী॥
নীলবস্ত্র পরীধানা নবকাদম্বিনী যথা।
অলঙ্কার স্বলঙ্কৃত্যা রাধা রূপ নিরৌপমা॥
কুঙ্কুমাগুরুচন্দানি তুলসী মঞ্জরী প্রিয়া।
নলিনী মালতী মালা সুবর্ণাঙ্গে সুশোভনা॥
অলক্ত শ্রীপদদ্বন্দ্ব নূপুরৈ রঞ্জিতা মুদা।
কন্দর্প দমনা দেবী কৃষ্ণচন্দ্র মনোরমা॥
বামাঙ্গ শ্রীমতী রাধা কীর্ত্তিদা কুলপদ্মিনী।
রাধাকৃষ্ণাঙ্গদ্বোকাত্মা কৃষ্ণচৈতন্য বিগ্রহা॥

তথাহি নাম।

শ্রীকৃষ্ণের নাম।

গোলোকনাথ গোপেশ পূর্ণব্রহ্ম সনাতন।
শ্রীমদ্ বৃন্দাবন স্বামী ব্রজেন্দ্র নন্দনন্দন॥
শ্রীরাধারমণং কৃষ্ণং শ্রীরাধা প্রাণ বল্লভং।
রাধামাধব রাধেশ রাধা দামোদরো হরি॥

রাধামোহন রাধাঙ্গ রাধিকা হৃদয়ঙ্গম ।
শ্রীকৃষ্ণ রাধিকাকান্ত রাধা সুন্দর নাগর ॥
শ্রীরাধাবল্লভঃ কৃষ্ণ রাধানাথ নটোবর ।
রাধা কিশোর গোবিন্দ রাধা বিনোদমোহন ॥
রাধা প্রাণপতিঃ কৃষ্ণ রাধা বক্ষঃস্থলে স্থিত ।
গোপেন্দ্র গোকুলানন্দ গোপিকাজনবল্লভঃ ॥
গোপাঙ্গনা মনোহারি শ্রীনন্দ গোপ বালক ।
ব্রজেশ শ্রীব্রজানন্দ গোবিন্দ ব্রজমোহন ॥
ব্রজেশ্বর ব্রজস্বামী ব্রজবাসি গণপ্রিয় ।
বিশ্বম্ভর জগৎপোষ্টা বিশ্বাধার জগন্ময় ॥
গোবর্দ্ধন ধরোধীমান্ মাধব ব্রজনায়ক ।
শ্রীনাথ শ্রীজগন্নাথ শ্রীপতি রাধিকা পতি ॥
লোকতাত লোকনাথ প্রধান পুরুষোত্তম ।
মহারাসে রসোল্লাস রাসোৎসব বিহারিন ॥
পরমাত্মা আত্মারাম যশোদা নন্দনন্দন ।
রাধানন্দে সদানন্দ রাধাপ্রেমে সদা সুখী ॥
অচ্যুতং কমলাকান্তং মুকুন্দ মুরলীধরং ।
আত্মারাম ঘনশ্যাম শ্রীধর শ্যামসুন্দর ॥
যাদবেন্দ্র দীনবন্ধু পদ্মনাভ জগন্ময় ।
মথুরেশ হৃষীকেশ কেশব তুলসী প্রিয় ॥
কংসারি কৈটভারিশ্চ মুরারি মধুসূদন ।
বাসুদেব হরিঃশৌরি চক্রপাণি গদাধর ॥
বামনো বলি দর্পঘ্ন শ্রীনৃসিংহশ্চ দয়াম্বুধি ।
বলদেব প্রিয়োধীর রামানুজ জগৎপতি ॥

ব্রহ্মণ্যদেব ব্রহ্মাত্মা ব্রহ্মদর্প বিনাশক ॥
রাম রাম হরে রাম শ্রীরাম রঘুনন্দন।
নারায়ণ যদুশ্রেষ্ঠ শ্রীবিষ্ণু পুরুষোত্তম ॥
তীর্থমূল পদাম্ভোজ তীর্থাস্পদ পদদ্বয়।
সর্ব্বেশ্বর গতির্নাথ দেবেন্দ্র করুণাম্বুধি ॥
জগদুদ্ভব পোষ্টাচ দামোদর জগদ্গুরু।
দীনবন্ধু কৃপাসিন্ধু অপরাধ প্রণাশক ॥
অন্তর্যামিন সর্ব্বজ্ঞ চিন্তামণি চরাচরং।
ইত্যুক্তং তন্ত্র সংযুক্তং পঠিত্বা শৃণুয়া দপি ॥
লক্ষ্মী তুষ্টা বসেদ্গেহে মুখে ভাতি সরস্বতী।
প্রাপ্নোতি প্রেমভক্তিঞ্চ দাস্য সেবা পরায়ণ ॥

শ্রীমতী রাধার নাম।

গোলোক ধামিনী রাধা মুকুন্দাদ্যা সনাতনী।
বৃষভানু সুতা দেবী রাধা বৃন্দাবনেশ্বরী ॥
কৃষ্ণ আহ্লাদিনী রাধা কৃষ্ণানন্দ প্রবোধিনী।
কৃষ্ণসুখী হাস্যমুখী কৃষ্ণধ্যান পরায়ণী ॥
কৃষ্ণাঙ্গ সর্ব্বদা ধ্যায়ী কৃষ্ণ সেবা সদোন্মুখী।
কৃষ্ণ মনমোহিনী রাধা বৃন্দাচ ব্রজ নাগরী ॥
নিত্যানন্দময়ী রাধা জয়ঙ্করী শুভঙ্করী।
রাধা বিনোদিনী রাধে রঙ্গণা রঙ্গিণী পরা ॥
কৃষ্ণপ্রাণাধি দেবীসা সদা কৃষ্ণ সুখাস্পদা।
গোপাল বল্লভা গোপী গোপাল-প্রাণ বল্লভা ॥

বৃষভানু গোপকন্যা ভদ্রদা ভব ভাবিকা ॥
ব্রজরাজ সুতা কান্তা শ্রীমতী ব্রজমোহিনী।
ব্রজলক্ষ্মী ব্রজাধ্যক্ষী ব্রজরঙ্গী ব্রজেন্দিরা ॥
বিশ্বম্ভরী জগৎকর্ত্রী স্থিতি সংসার পালিনী।
কৃষ্ণবক্ষে ধরা দেবী ব্রজনাথ প্রিয়োত্তমা ॥
শ্রীমতী শ্রীজগদ্ধাত্রী সাবিত্রী সুমতি প্রদা।
প্রধানা গোপিকা রাধা শ্রীমতী প্রকৃতিঃ পরা ॥
রাসবিলাসিনী গৌরী রাসমণ্ডপ বাসিনী।
সর্ব্বশক্তিময়ী রাধা নন্দনন্দন কামিনী ॥
শ্যামামৃতরসে মগ্না কৃষ্ণানন্দ বিলাসিনী ॥
অচলা কমলা লক্ষ্মী কৃষ্ণসেবা পরায়ণা।
বিদ্যুদ্‌গৌরী সুবর্ণাঙ্গী সর্ব্বদা নব যৌবনা ॥
পদ্মরাগ ধরা রাধা ঈশ্বরী ভুবনমোহিনী।
সর্ব্বাঙ্গ সুন্দরী দুর্গা তুলসী কেশব প্রিয়া ॥
বিষ্ণুপ্রিয়া মহামায়া যোগশক্তি প্রভাবতী।
কল্যাণী কমলা লক্ষ্মী হরিপ্রিয়া কৃপাময়ী ॥
সর্ব্বশক্তিময়ী দেবী রাধিকা পরমেশ্বরী।
বিশ্বেশ্বরী বিশ্বরূপা বিশ্বাদ্যা বিশ্বপালিনী ॥
সর্ব্বানন্দময়ী রাধা ঈশ্বরী ব্রহ্মরূপিণী।
অসীতা রূপিণী দেবী শ্রীসীতা জনকনন্দিনী ॥
নারায়ণীচ পদ্মাচ সত্যা নিত্যা সনাতনী।
গঙ্গাচ যমুনা রেবা গায়ত্রী ব্রহ্মরূপিণী ॥
সর্ব্বশক্তিময়ী রাধা শক্তীনাং শক্তিদায়িনী।
বীজাক্ষরী বেদমাতা রাধিকা লোকপাবনী ॥

অনুকম্পাধীনী রাধে অপরাধ বিনাশিনী।
চৈতন্যরূপিণী দেবী চিত্ত চৈতন্য কারিণী॥
বাক্যসিদ্ধি র্ভবেত্তস্য মন্ত্রসিদ্ধি র্ভবেদ্ধ্রুবং।
অন্তেতাং রাধিকা কৃষ্ণং পশ্যন্তি জ্ঞান পূর্ব্বকং॥

ইতি মানবতন্ত্রে শ্রীরাধাকৃষ্ণ যুগল নামাবলি স্তোত্রং॥

শ্রীগোবিন্দের অষ্টপদী।

শ্রীরাধামাধব দীনবান্ধব দেহিমেচরণাম্বুজং। ধুয়া
জয় মৎস্য কচ্ছপ, রূপমদ্ভুত বামন বলিবন্ধনং।
নৃসিংহ যাদব রামরাঘব রাবণকুলধ্বংসনং॥
গোবিন্দমাধব, কৃষ্ণকেশব পূতনাগতিদায়কং।
শ্রীরাধামাধব দীনবান্ধব দেহিমেচরণাম্বুজং॥ ১॥
জয় নন্দনন্দন, রাধামোহন নন্দগোধন পালকং।
ত্রিভঙ্গভঙ্গিমচারু বঙ্কিম খঞ্জনাকৃতি লোচনং।
শ্রীঅঙ্গউজ্জ্বল, নীলকুন্তল, কুন্দদাম সুশোভনং।
শ্রীরাধামাধব দীনবান্ধব দেহিমেচরণাম্বুজং॥ ২॥
বিনোদনাগর, শ্যামলসুন্দর, কুঞ্জকাননরঞ্জনং।
শ্রীরাধাজীবন, বংশীমোহন, বেণুবাদ্য বিশারদং॥
শ্রীরাধানাগর নাগরী প্রিয় রাধিকারসনায়কং।
শ্রীরাধামাধব দীনবান্ধব দেহিমেচরণাম্বুজং॥ ৩॥
শ্রীদেবকীসুত, নিত্য নিষ্কৃত, নির্গুণগুণসাগরং।
[illegible] দর্প চূর্ণন কংসদানবঘাতনং॥

শ্রীরাসালম্পট, রক্ষ সঙ্কট, শঙ্খচূড়ক মর্দ্দনং।
শ্রীরাধামধব দীনবান্ধব দেহিমেচরণাম্বুজং॥ ৪॥
শ্রীরাধানায়ক, রাধাভাবক, শ্রীপতি পুরুষোত্তমং।
দেবদুর্লভ গোপীবল্লভ সর্ব্বকারণকারণং॥
দয়ার্দ্র সাগর, রাধানাগর, গোপিকামনরঞ্জনং।
শ্রীরাধামাধব দীনবান্ধব দেহিমেচরণাম্বুজং॥ ৫॥
নগেন্দ্র বন্দিত, ইন্দ্রপূজিত, সেবিত বিধি শঙ্করং।
ভক্তবৎসল ভক্তরক্ষক দ্রৌপদী ভয়ভঞ্জনং॥
বিপত্তিভঞ্জন, দীনপাবন, রাধিকা রসশেখরং।
শ্রীরাধামাধব দীনবান্ধব দেহিমেচরণাম্বুজং॥ ৬॥
শ্রীকৃষ্ণযাদব, বৈষ্ণব প্রিয়, গোপবেশ বিধারিণং।
গোলোকঈশ্বর, গোকুলেশ্বর, রাধিকা মনরঞ্জনং॥
অনাদি ঈশ্বর, শ্রীকৃষ্ণ শ্রীধর, আদিদেব সনাতনং।
শ্রীরাধামাধব, দীনবান্ধব, দেহিমেচরণাম্বুজং॥ ৭॥
গোপেন্দ্রনন্দন, কৈটভমর্দ্দন, পদ্মনাভ দামোদরং।
ব্রজেন্দ্রসম্পদ, নন্দঅঙ্গজ, ব্রহ্মদর্প বিনাশনং।
শ্রীকৃষ্ণশ্রীনিধি, হে কৃপাম্বুধি, বল্লবীকুলবল্লভং।
শ্রীরাধামাধব, দীনবান্ধব, দেহিমেপদাম্বুজং॥ ৮॥

ইতি মানসতন্ত্রে শ্রীগোবিন্দের অষ্টপদী।

অথ শ্রীদামোক্ত শ্রীকৃষ্ণের শত নামের প্রণাম।

শ্রী

রাম	রামরামো ঘনশ্যাম শ্রীরামোরঘুনন্দন।
	শ্রীরাধারমণোরাম রামরামোনমাম্যহং
কৃষ্ণ	কৃষ্ণকৃষ্ণোজগন্নাথ দামোদরজগদ্গুরুঃ
	গোবিন্দ সচ্চিদানন্দ কৃষ্ণকৃষ্ণনমস্তুতে।
কেশবশ্চ	কেশবঃ কমলাকান্ত মাধবোমধুসূদনঃ
	শ্রীধরঃ পরমানন্দ কেশবশ্চনমাম্যহং।
কেশিশত্রু	কেশিশত্রু কৃপাসিন্ধু শ্রীকৃষ্ণকমলাপতিঃ
	করণংকারণংকর্ত্তা কেশিশত্রুনমাম্যহং।
কৃপাময়	কৃপাময়কৃপাধ্যক্ষঃ গোপালদীনবৎসল
	যশোদানন্দনঃ কৃষ্ণ কৃপাময়নমাম্যহং।
কংসারি	কংসারিকৈটভারিশ্চ হতারিগতিদায়কঃ
	পূতনাত্রাণকারীচ কংসারিঃপ্রণমাম্যহং।
ধেনুকারিশ্চ	ধেনুকারির্ব্বকারিশ্চ দৈত্যারিঃ পুরুষোত্তমঃ
	মুরারিঃপুণ্ডরীকাক্ষো ধেনুকারিশ্চ তেনম
শিশুপালরিপু	শিশুপালরিপুশ্যামঃ শ্রীকৃষ্ণরুক্মিণীপতিঃ
	নমোরুক্মদর্পহারী শিশুপালরিপুঃপ্রভু।
প্রভু	প্রভুঃসাক্ষীগতির্ভর্ত্তা পিতামাতাসুবান্ধবঃ
	ত্বমেবজগতাংপাতা প্রভুত্বং প্রণমাম্যহং।
দৈবকীনন্দন	দৈবকীনন্দনোদেবো যশোদানন্দদায়কঃ
	রামানুজোহরিঃসত্য দৈবকীনন্দনোনমঃ।

শৌরি	শৌরির্হরিঃ পদ্মপাণির্নারাণজগদ্গুরুঃ
	মুরারিম্মুরলীধারী শৌরি হরির্নমস্তুতে।
পুণ্ডরীক	পুণ্ডরীকাক্ষগোবিন্দঃ শ্রীগোপীজনবল্লভঃ
নিভেক্ষণঃ	প্রণমামিচিদানন্দঃ পুণ্ডরীকনিভেক্ষণঃ।
দামোদরঃ	দামোদরোদীনবন্ধুঃ যমলার্জ্জুনভঞ্জকঃ
	বিশ্বাধারগুণাধারঃ দামোদরনমস্তুতে।
জগন্নাথ	জগন্নাথজগত্রাতা জগদ্বন্ধুজগৎপতিঃ
	অনাথনাথগোবিন্দ জগন্নাথনমস্তুতে।
জগৎকর্ত্তা	জগৎকর্ত্তাজগদ্ভর্ত্তা অন্তর্যামী সনাতনঃ।
	অগতীনাং গতির্নাথঃ জগৎকর্ত্তা নমস্তুতে
জগৎপিতা	জগৎপিতাজগন্নাথঃ জগদীশজগদ্গুরুঃ
	জগদুদ্ভবপোষ্টাচ জগৎপিতা নমস্তুতে।
নারায়ণ	নারায়ণস্ত্রাণকর্ত্তা সচ্চিদানন্দবিগ্রহঃ
	বাসুদেবঃ পরংব্রহ্ম নারায়ন নমস্তুতে।
বলিধ্বংসী	বলিধ্বংসী বলিশ্রেষ্ঠ বৃন্দাবলিপ্রপূজিতঃ
	উপেন্দ্রমাধবানন্দ বলিধ্বংসী নমস্তুতে।
বামন	বামনোবলিদর্পঘ্ন দেবেন্দ্রকশ্যপাত্মজঃ
	বিরাট্রূপকোদেব বামনঃ প্রণমাম্যহং।
অদিতিনন্দন	অদিতিনন্দনোদেব ছলাদ্বদ্ধোবলির্ম্মখে
	ত্রিবিক্রমোমহাবীর্য্যঃ অদিতীনন্দনো নম।
বিষ্ণু	বিষ্ণুর্ব্রহ্মণ্যদেবশ্চ বৈষ্ণববাহ্মণপ্রিয়ঃ
	শ্রীবৈকুণ্ঠপতির্নাথ বিষ্ণুত্বং প্রণমাম্যহং।
যদুকুলশ্রেষ্ঠ	যদুকুলশ্রেষ্ঠযাদবেন্দ্র যোগেন্দ্রসুরবন্দিতঃ
	মুকুন্দযাদবানন্দ যদুকুলশ্রেষ্ঠ তে নমঃ।

বাসুদেব	বাসুদেবঃ পরংব্রহ্ম বিশ্ববীজসনাতনঃ শ্রীকৃষ্ণঃমাধবানন্দঃ বামদেবো নমস্তুতে।
বসুপ্রদ	বসুপ্রদোবাসুদেবঃ অষ্টবসুপ্রপূজিতঃ বসুদেবসুতঃকৃষ্ণ বসুপ্রদো নমাম্যহং।
অনন্ত	অনন্তোমহিমানন্তঃ অন্তর্যামীসনাতনঃ অচ্যুতঃ কমলাকান্তঃ অনন্তপ্রণমাম্যহং।
কৈটভারিশ্চ	কৈটভারিশ্চ গোপেন্দ্রো মুরারির্মধুসূদনঃ ক্ষেত্রজ্ঞোজগদানন্দঃ কৈটভারিশ্চতেনমঃ।
মল্লজিত	মল্লজিৎমথুরানাথ চানূরমল্লমর্দ্দনঃ মথুরেশোহৃষীকেশ মল্লজিৎ প্রণমাম্যহং
নরকান্তক	নরকান্তকগোবিন্দ ভক্তানুগ্রহকারকঃ কৃতান্তসান্তকোদেবঃ নরকান্তকতেনমঃ।
অচ্যুতঃ	অচ্যুতঃকেশবোবিষ্ণু তুলসীপ্রাণবল্লভঃ বৃন্দাবনবিহারীচ অচ্যুত প্রণমাম্যহং।
শ্রীধরঃ	শ্রীধরঃশ্রীপতিঃশ্রীদঃ শ্রীনিবাসজগৎপতিঃ শ্রীকান্তরুক্মিণীকান্ত শ্রীধর প্রণমাম্যহং।
শ্রীমান্	শ্রীমন্নারায়ণঃস্বামী লক্ষ্মীকান্তঃ সুরেশ্বরঃ কোটিকন্দর্পলাবণ্য শ্রীমানহরি নমাম্যহং।
শ্রীপতিঃ	শ্রীপতির্ভূপতির্দেব শারদাকমলাপতিঃ শ্রীনাথ শ্রীলোকনাথঃ শ্রীপতিঃ প্রণমাম্যহং
পুরুষোত্তম	পুরুষোত্তমগোবিন্দ শ্রীরাধাপ্রাণবল্লভঃ ব্রজবাসিগণপ্রাণঃ পুরুষোত্তম নমস্তুতে।
গোবিন্দ	গোবিন্দোগোকুলানন্দ বেণুবাদ্যবিশারদঃ রাসোল্লাসীচিদানন্দ গোবিন্দপ্রণমাম্যহং

বনমালীচ — বনমালীগিরিধারী বংশীধারী ব্রজেশ্বরঃ
গোবর্দ্ধনধরোদেবঃবনমালীচ তেনমঃ।

হৃষীকেশ — হৃষীকেশোদ্ধারকেশ মথুরেশস্সুরেশ্বরঃ
ঈশ্বরঃপরমঃকৃষ্ণ হৃষীকেশো নমস্তুতে।

অখিলার্ত্তিহা — অখিলার্ত্তিহাগোবিন্দঃ বিপন্নভয়ভঞ্জনঃ
অখিলেশস্সুরাধীশোঽখিলার্ত্তিহানমস্তুতে

নৃসিংহ — নৃসিংহনারসিংহশ্চ প্রহ্লাদহৃদয়ঙ্গমঃ
হিরণ্যকশিপুধ্বংসীনৃসিংহঃ প্রণমাম্যহং।

দৈত্যশত্রুশ্চ — দৈত্যশত্রুর্দর্পহারী হতারিগতিদায়কঃ
সর্ব্বেষাংমঙ্গলোদেবঃ দৈত্যশত্রুশ্চতেনমঃ

মৎস্যদেবঃ — মৎস্যদেবোমীনরূপ বেদউদ্ধারহেতবে
সত্যস্বরূপসত্যস্ত্বং মৎস্যদেব নমস্তুতে।

জগন্ময় — জগন্ময়োজগৎকর্ত্তা জগদাধাররূপকঃ
বিশ্বরূপোজগন্নাথ জগন্ময় নমস্তুতে।

ভূমিধারী — ভূমিধারীগিরিধারী বংশীধারীপ্রিয়ম্বদ-
ব্রজাঙ্গনামনোহারী ভূমিধারী নমাম্যহং।

মহাকূর্ম্ম — মহাকূর্ম্মোমহাবীর্য্যঃ দেবানাং হিতকারকঃ
মন্দরভূধরধারী মহাকূর্ম্মো নমস্তুতে।

বরাহ — বরাহরূপকোদেবঃ দন্তেঊর্ব্বীরিধারকঃ
অচিন্ত্যাদ্ভুতলীলস্ত্বং বরাহ প্রণমাম্যহং।

পৃথিবীপতিঃ — পৃথিবীপতিদেবেন্দ্র শ্রীপতির্ধরণীপতিঃ
ভূপতির্ভূধরাধীশ পৃথিবীপতিতে নমঃ।

বৈকুণ্ঠ — বৈকুণ্ঠগোলোকনাথঃ গজেন্দ্রত্রাণকারকঃ
অম্বরীষধ্রুবত্রাতা বৈকুণ্ঠ প্রণমাম্যহং।

পীতবাসা	পীতবাসাশ্চ শ্যামাঙ্গঃ শ্রীগোপীমনরঞ্জনঃ
	নন্দাত্মজনবোনিত্য পীতবাসাশ্চ তেনমঃ।
চক্রপাণি	চক্রপাণির্গদাপাণিঃ মাধবোগরুড়ধ্বজঃ
	ইন্দ্রনীলমণীকান্তিঃ চক্রপাণির্নমস্তুতে।
গদাধর	গদাধরোগুণাধারঃ ভগবান্‌হরিরীশ্বরঃ
	শ্রীবৎসলধরোধীরঃ গদাধরনমস্তুতে।
শঙ্খভৃৎ	শঙ্খভৃৎপুণ্ডরীকাক্ষ পরেশপদ্মলোচনঃ
	নারায়ণো জগৎবন্ধুঃ শঙ্খভৃৎপ্রণমাম্যহং।
পদ্মপাণিশ্চ	পদ্মপাণিশ্চশার্ঙ্গীচ চতুর্বাহুবরপ্রদঃ
	চন্দনার্চিতসর্বাঙ্গ পদ্মপাণিশ্চ তেনমঃ।
নন্দকি	নন্দকির্দ্বারকানাথঃ ধূমকেতুগদায়ুধঃ
	ম্লেচ্ছহামথুরানাথ নন্দকিপ্রণমাম্যহং।
গড়ুরধ্বজ	গরুড়ধ্বজগোবিন্দ পরংব্রহ্মপরাৎপরঃ
	পরমাত্মাচ্যুতোঽনন্তঃগরুড়ধ্বজনমাম্যহং।
চতুর্ভুজ	চতুর্ভুজোমহাবীর্য্যঃ শঙ্খচক্রগদাধরঃ
	নারায়ণপরংব্রহ্ম চতুর্ভুজনমস্তুতে।
মহাসত্য	মহাসত্যমহানিত্য সত্যনিত্যসনাতনঃ
	সত্যস্বরূপসত্যস্তং মহাসত্যনমাম্যহং।
মহাবুদ্ধি	মহাবুদ্ধির্মহাসিদ্ধি প্রেমভক্তিপ্রদায়কঃ
	অনিমাদ্যষ্ট সিদ্ধিশ্চ মহাবুদ্ধির্নমাম্যহং।
মহাভুজঃ	মহাভুজপদ্মহস্ত দ্বিভুজশ্যামসুন্দরঃ
	আজানুলম্বিতবাহু মহাভুজনমাম্যহং।
মহাপাদঃ	মহাপাদোমহাপূজ্য মহামোহবিনাশকঃ
	রাসোল্লাসোমহোল্লাস মহাপাদনমস্তুতে।

মহাতেজা	মহাতেজামহামান্য মহাবিষ্ণুর্মহাবিরাট
	মহানন্দসদানন্দ মহাতেজানমাম্যহং ।
মহাদেব	মহাদেবপ্রিয়ঃ কৃষ্ণ মহাবিষ্ণু পরাৎপরঃ
প্রিয়প্রভু	নমস্তে পরমারাধ্য মহাদেবপ্রিয়প্রভু ।
বিশ্বক্সেনশ্চ	বিশ্বক্সেনোবিশালাক্ষ বিশ্বম্ভর জনার্দ্দন
	বিশ্বাদ্যোবিশ্বরূপশ্চ বিশ্বক্সেনশ্চতে নম ।
শার্ঙ্গীচ	শার্ঙ্গীচ শার্ঙ্গপাণিশ্চ গদাধর অধোক্ষজঃ
	ধরাধর বরাধীশ শার্ঙ্গীচপ্রণমাম্যহং ।
পদ্মনাভঃ	পদ্মনাভোহৃষীকেশ পদ্মাক্ষ পদ্মলোচনঃ
	পিতাসর্ব্ববরঃ স্বামী পদ্মনাভোনমস্তুতে।
জনার্দ্দন	জনার্দ্দনোজগন্নাথ জিতেন্দ্রিয়জগৎপিতা
	জগদীশোজগদ্বন্ধু জনার্দ্দননমস্তুতে ।
তুলসীবল্লভ	তুলসীবল্লভঃকৃষ্ণ তুলসীদামভূষণঃ
	শালগ্রাম চিদানন্দ তুলসীবল্লভোনম ।
দেব	দেবদেবোজগন্নাথ পরমারাধ্যদেবতা
	ব্রহ্মণ্যদেবোদেবেন্দ্র দেবদেবোনমস্তুতে ।
পরেশ	পরেশপরমানন্দ কৃষ্ণোযোগেশ্বরেশ্বরঃ
	অনাদিবাদির্গোবিন্দ পরমপ্রণমাম্যহং ।
ক্লেশহারীচ	ক্লেশহারীচআনন্দ মুকুন্দোমধুসূদনঃ
	প্রেমানন্দ প্রদাতাচ ক্লেশহারীচতেনম ।
পরাত্মা	পরাত্মা সর্ব্বভূতাত্মা অন্তর্য্যামীসনাতনঃ
	আত্মারামচিদানন্দ পরাত্মাপ্রণমাম্যহং ।
সুখদঃ	সুখদোজ্ঞানদোদেবঃ ভক্তিদ প্রেমসম্পদঃ
	বিদগ্ধশ্চতুরাধ্যক্ষ সুখদ প্রণমাম্যহং ।

পর	পরংব্রহ্মপরংজ্যোতিঃ পুর্ণানন্দপরংপদং প্রভুস্ত্বং পরমানন্দ পরংব্রহ্মনমস্তুতে।
হৃদয়স্থ	হৃদয়স্থপ্রাণনাথ হৃদিপদ্মেসদাহিতঃ ব্রজেন্দ্রশ্রীব্রজানন্দ হৃদয়স্থোনমাম্যহং।
অতিদূরস্থ	অতিদূরস্থতোনাথ কথংকৃষ্ণহৃদিস্থিতঃ দেহিমেদর্শনংকৃষ্ণ অতিদূরস্থ তে নম।
মোহদ	মোহদোমোহনাশশ্চ ভক্তিদোদীনবৎসলঃ মহামোহনিঘাতীচ মোহদপ্রণমাম্যহং।
মোহনাশন	মোহনাশনগোবিন্দ বামনোমধুসূদনঃ মায়াতীতমহাদেব্য মোহনাশন তে নম।
সমস্ত	সমস্তজগদাধার চরাচরগুরুর্বিভুঃ
পাতকধ্বংসী	সর্ব্বত্রচক্ষুকর্ণশ্চ সমস্তবিভুতেনমঃ পাতকধ্বংসীগোবিন্দ অপরাধপ্রণাশকঃ নারায়ণোগতির্নাথ পাতকধ্বংসী তে নম
বাণবাহু	বাণবাহুবলংদেযী উষাহরণহেতুনা
বনানল	নমস্তে বশবীর্য্যশ্চ বাণবাহুবনানল।
রুক্মিণীরমণ	রুক্মিণীরমণঃ কৃষ্ণ ভীষ্মককামপূরকঃ শ্রীকান্তোরুক্মিণীকান্ত রুক্মিণীরমণোনম।
রুক্মপ্রতিজ্ঞা	রুক্মপ্রতিজ্ঞাখণ্ডীচ রুক্মদর্পবিনাশকঃ
খণ্ডনোমহান	নারায়ণোনমোরুক্ম প্রতিজ্ঞাখণ্ডনোমহান্
দামবন্ধ	দামবন্ধস্নেহবন্ধ কদম্বদামভুষণঃ দামোদরোদয়াসিন্ধু দামবন্ধনমস্তুতে।
ক্লেশহারীচ	ক্লেশহারীচ শ্রীকৃষ্ণ বিপদভয়ভঞ্জনঃ ভবক্লেশ হরোদেব ক্লেশহারীচতেনম।

গোবর্দ্ধনধর প্রভু	গোবর্দ্ধনধরোদেব গোপীসজ্জনবল্লভঃ নমঃশক্রদর্পহারী গোবর্দ্ধনধরপ্রভুঃ।
পুতনারি	পুতনারিহরিঃশৌরি বকারিগতিদায়কঃ দীনেশকরুণাসিন্ধু পুতনারিনমাম্যহং।
মুষ্টিকারিঃ	মুষ্টিকারিমধুধ্বংসী শ্রীহরির্মল্লমর্দ্দনঃ ধরণীভারসংহারী মুষ্টিকারির্নমাম্যহং।
যমলার্জ্জুন ভঞ্জন	যমলার্জ্জুন ভঙ্গীচ যশোদাকুতপালনঃ নমস্বেচ্ছাময়োদেবো যমলার্জ্জুন ভঞ্জন।
উপেন্দ্র	উপেন্দ্র পরমানন্দো বামনঃকশ্যপাত্মজঃ বলিদর্পবিনাশীচ উপেন্দ্র প্রণমাম্যহং
বিশ্বমূর্ত্তি	বিশ্বমূর্ত্তিচিদানন্দ অর্জ্জুন জ্ঞানহেতুনা বিষ্ণুর্বিশ্বময়োদেবো বিশ্বমূর্ত্তিশ্চতেনম।
ব্রহ্মপাদ	ব্রহ্মপাদখণ্ডনাশ ব্রহ্মচারিবরপ্রদঃ ব্রহ্মকেশপ্রিয়োবীর ব্রহ্মপাদনমাম্যহং।
সনাতন	সনাতনঃসত্যরূপ সত্যধর্ম্মপরায়ণ সদানন্দসদানিত্য সনাতননমস্তুতে।
পরমাত্মা	পরমাত্মাপরংজ্যোতিঃ পরংব্রহ্মপরাৎপরঃ আত্মারামচিদানন্দ পরমাত্মানমস্তুতে।
পরংব্রহ্ম	পরংব্রহ্মপরংধর্ম্ম পূর্ণতমো ব্রজেশ্বরঃ শ্রীকৃষ্ণ পরমানন্দ পরংব্রহ্মনমস্তুতে।
পূর্ণাত্মাতি বিলাসিন	পূর্ণাত্মাপরমাত্মাচ ব্রহ্মাত্মা ব্রহ্মরূপকঃ নমামিগোকুলশ্চন্দ্র পূর্ণাত্মাতিবিলাসিন।
ত্রিবিক্রম	ত্রিবিক্রমমহাবাহু শ্রীকৃষ্ণঅতিবিক্রমঃ বামনোবলিদর্পঘ্ন ত্রিবিক্রমনমস্তুতে।

মহামায়ী	মহামায়ীমহামান্য মহাবল বিনাশকঃ
	শ্রীমদ্বৃন্দাবনাধীশ মহামায়ীনমস্তুতে।
যোগবিৎ	যোগবিৎযোগবেত্তাচ যোগেন্দ্রসুরবন্দিত
	আদ্যন্তাবহিতোনিত্য যোগবিৎপ্রণমাম্যহং
বিষ্টরশ্রবা	বিষ্টরশ্রবাগোবিন্দ বিষ্ণুসর্ব্বগুহাশয়ঃ
	বিষ্ণুবিষ্ণুপদোনাথ বিষ্টরশ্রবাতেনম।
শ্রীনিধি	শ্রীনিধিশ্রীপতিশ্রীদ শ্রীধর শ্রীজগৎপতিঃ
	অণিমাদিসিদ্ধিদাতা শ্রীনিধিপ্রণমাম্যহং
শ্রীনিবাসশ্চ	শ্রীনিবাসশ্চশ্রীমন্ত মাধবঃপরমেশ্বরঃ
	শ্রীকান্ত শ্রীরমাকান্ত শ্রীনিবাসশ্চতেনমঃ।
যজ্ঞভুক্	যজ্ঞভুক্জগন্নাথ যজ্ঞেশ্বরজগন্ময়ঃ
	যজ্ঞাঙ্গযজ্ঞরূপশ্চ যজ্ঞভুক্ নমস্তুতে।
প্রিয়ম্বদ	প্রিয়ম্বদদয়াশীল মন্ত্রাচার্য্যগুরুপ্রভুঃ
	চৈতন্যশাশ্বতোদেব প্রিয়ম্বদনমস্তুতে।
যজ্ঞেশ্বর	যজ্ঞেশ্বরযদুশ্রেষ্ঠঃ যাদবেন্দ্রজনার্দ্দনঃ
	গোলোকনাথগোবিন্দযজ্ঞেশ্বরনমস্তুতে
রাবণারি	রাবণারিহরিশৌরি রাঘবোরঘুনন্দনঃ
	বিভীষণকৃপাকারী রাবণারি নমস্তুতে।
প্রলম্বঘ্ন	প্রলম্বঘ্নঃ প্রলম্বারি মুরারিমধুসূদনঃ
	বিপন্নভঞ্জনোদেবঃ প্রলম্বঘ্ন নমস্তুতে।
বকক্ষয়	বকক্ষয়বকীত্রাতা অঘাসুরবিনাশকঃ
	ব্রজবাসিগণপ্রাণঃ বকক্ষয় নমস্তুতে।
সকল	সকলঃ সফলঃ কৃষ্ণ সর্ব্বমঙ্গলদায়কঃ
	নন্দদামোদরোদেবঃ সকলসুখদপ্রভু।

উপদ্রবধ্বংসী উপদ্রবধ্বংসীগোবিন্দ সর্ব্বদুঃখনিবর্হণঃ
অবিচিন্তমহানন্দঃ উপদ্রবধ্বংসি তেনম।

সর্ব্বকাম ফলপ্রদ

সর্ব্বকামফলাস্তাতা কৃপাময়কৃপাম্বুধি
নমামিগুরুগোবিন্দ সর্ব্বকামফলপ্রদ।

হে দীনদয়াদ্র নাথ বাঞ্ছাকল্পতরোগুরো
দেহিমে অচলাংভক্তিং বিনোদচরণাম্বুজে
শ্রীকৃষ্ণনামশতকৈর্নমস্তি জগদীশ্বরং।
ইষ্টসিদ্ধির্ভবেত্তস্য ভক্তিংস্যাৎপ্রেমলক্ষণা।

ইতি শ্রীমানসতন্ত্রে বর্ম্মসূত সংবাদে শ্রীগুরুকৃপ্যাদেশেন
মঙ্গল ডিহি নিবাসি শ্রীলশ্রীঠাকুর দীনদয়ালস্য
সংশোধনং শ্রীকৃষ্ণস্য স্তোত্রমিদং।